নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

রোববার
রেজিঃ নং-চ-৫১৩
২৫ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৮২
৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

দেশে ধারাবাহিকভাবে বাড়ছে ধান উৎপাদনে কৃষকের খরচ

দিগন্ত ডেস্ক

দেশে ধারাবাহিকভাবে বাড়ছে ধান উৎপাদনে কৃষকের খরচ। কিন্তু সে হারে কৃষক পর্যায়ে ধানের দাম বাড়েনি। মূলত বীজ, সার, কীটনাশক, সেচ, শ্রম ও জমি প্রস্তুত করাসহ প্রায় সব উপকরণের দাম বাড়ায় ধানের উৎপাদন খরচও বাড়ছে। কিন্তু সেই অনুপাতে বাড়ছে না ধানের উৎপাদনশীলতা কিংবা কৃষকের লাভ। গত পাঁচ অর্থবছরের মধ্যে বর্তমানে প্রতি কেজি ধান উৎপাদনে কৃষকের খরচ গড়ে প্রায় ২৫ শতাংশ বেড়েছে। কিন্তু দেশে বোরোর ফলন বেড়েছে মাত্র ৫ দশমিক ৭৭ শতাংশ আর আমন ধানের ফলন ১৫ দশমিক ৩১ শতাংশ বেড়েছে। এ সময়ে বোরো ধানের কৃষক পর্যায়ে প্রাপ্ত দাম গড়ে ১৩ শতাংশের কিছু বেশি আর আমনের ক্ষেত্রে ২৩ শতাংশের মতো দাম বেড়েছে। বিগত ২০২১-২২ অর্থবছর থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত বোরোর গড় ফলন বেড়েছে ৫ দশমিক ৭৭ শতাংশ আর আমনে ফলন ১৫ দশমিক ৩১ শতাংশ বেড়েছে। কৃষি অর্থনীতিবিদ এবং কৃষি সমপ্রসারণ অধিদপ্তর সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।
সংশ্লিষ্ট সূত্র মতে, জলবায়ুজনিত অনিশ্চয়তা, কৃষি ইনপুট ও কৃষি শ্রমিকের পেছনে ব্যয় বাড়ায় কৃষকের ধান উৎপাদনে মুনাফা ঋণাত্মক হচ্ছে। পরিস্থিতি সামাল দিতে ধান ব্যয় কমানো, আধুনিক যন্ত্রাংশের ব্যবহার বাড়ানো এবং উচ্চফলনশীল বীজের সরবরাহ নিশ্চিত করা জরুরি। তা নাহলে কৃষকরা লোকসান গুনে একসময় ধান উৎপাদন থেকে মুখ ফিরিয়ে নিতে পারে। তাতে দেশে খাদ্য উৎপাদনে বড় প্রভাব পড়ার আশঙ্কা থাকে। বিগত ২০২১-২২ অর্থবছরে প্রতি কেজি বোরো ধান উৎপাদনে কৃষকের ব্যয় হয় ২৬ টাকা। আর ২০২২-২৩ অর্থবছরে তা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে জামায়াতের স্থানীয় সরকার নির্বাচন বিষয়ক প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য দেন চাঁদপুর জেলা জামায়াতের আমির মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

চাঁদপুরে জামায়াতের স্থানীয় সরকার নির্বাচন বিষয়ক প্রশিক্ষণ

শহর প্রতিনিধি

চাঁদপুরে স্থানীয় সরকার নির্বাচনে ইউনিয়ন পরিষদ (ইউপি) চেয়ারম্যান পদপ্রার্থী এবং নির্বাচন বিভাগের পৌর ও উপজেলা পর্যায়ের সভাপতি ও সেক্রেটারিদের নিয়ে একটি দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (২৪ অক্টোবর) চাঁদপুর জেলা জামায়াতের মানবসম্পদ বিভাগের উদ্যোগে এই বিশেষ কর্মশালার আয়োজন ● ২-এর পাতায় দেখুন

আখেরি মোনাজাতে শেষ হলো চাঁদপুর জেলা ইজতেমা

স্টাফ রিপোর্টার

আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হয়েছে তিন দিনব্যাপী মেঘনা পাড়ের চাঁদপুর জেলা ইজতেমা।

আখেরি মোনাজাতে শেষ হলো চাঁদপুর জেলা ইজতেমা।

শনিবার (২৪ অক্টোবর) দুপুর ১২টায় হেদায়েতি বয়ান শেষে মোনাজাত পরিচালনা করেন তাবলিগ জামাতের আমির মাওলানা শামসুদ্দিন।
এ সময় হাজারো মুসল্লির 'আমিন, আমিন' ধ্বনিতে মুখরিত হয়ে ওঠে মেঘনাপাড়ের ইজতেমা ময়দান। শুক্রবার ● ২-এর পাতায় দেখুন

আ.লীগের সঙ্গে 'আঁতাত' নিয়ে প্রধানমন্ত্রীকে জামায়াত আমিরের চ্যালেঞ্জ

দিগন্ত ডেস্ক

আওয়ামী লীগের সঙ্গে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কথিত 'আঁতাত' ও ক্ষমা করে দেওয়ার অভিযোগকে সরাসরি অসত্য এবং রাজনৈতিক অপপ্রচার বলে উড়িয়ে দিয়েছেন দলটির আমির ডা. শফিকুর রহমান । তিনি চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেছেন, কোনো ফোরামে তিনি আওয়ামী লীগকে ক্ষমা করার কথা বলেননি; বরং কেউ প্রমাণ দিতে পারলে তিনি জাতির কাছে ক্ষমা চাইবেন । একই সাথে বিরোধী দলের ওপর গোয়েন্দা তথ্যের বরাত দিয়ে দেওয়া বক্তব্য প্রমাণ করারও আহ্বান জানান তিনি। শনিবার মৌলভীবাজার সার্কিট হাউস মিলনায়তনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জামায়াত আমির এসব কথা বলেন।
প্রধানমন্ত্রীর দেওয়া বক্তব্যের প্রতি ইঙ্গিত করে ডা. শফিকুর রহমান ● ২-এর পাতায় দেখুন

আইবিডাব্লিউএফ চাঁদপুর জেলা শাখার সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন আইবিডাব্লিউএফ-এর কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ শহিদুল ইসলাম।

আইবিডাব্লিউএফ চাঁদপুর জেলা শাখার সম্মেলন

শিল্পবিপ্লবের সঙ্গে তাল মেলাতে শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার বিকল্প নেই

-----আইবিডাব্লিউএফ-এর কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ শহিদুল ইসলাম

স্টাফ রিপোর্টার

'টাকা মাত্র ১০ হাজার, খুলবে ব্যবসার দ্বার'–এই স্লোগানকে সামনে রেখে চাঁদপুরে এক বর্ণাঢ্য ব্যবসায়ী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে উৎপাদনমুখী শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলা, নতুন উদ্যোক্তা তৈরি এবং সততা ও আদর্শের ভিত্তিতে ব্যবসা পরিচালনার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।
শুক্রবার (২৩ অক্টোবর) সকালে চাঁদপুর শহরের চেয়ারম্যানঘাট এলাকার ইউরেশিয়া কনভেনশন হলে এই সম্মেলনের আয়োজন করে ইন্ডাস্ট্রিয়ালিস্টস অ্যান্ড বিজনেসমেন ওয়েলফেয়ার ফাউন্ডেশন ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জের সাবেক এমপি সাংবাদিক মুহম্মদ শফিকুর রহমান আর নেই

ফরিদগঞ্জ প্রতিনিধি

চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের সাবেক সংসদ সদস্য, দেশের বরেণ্য সাংবাদিক, বিশিষ্ট কলাম লেখক, বীর মুক্তিযোদ্ধা এবং

বাংলাদেশ জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি মুহম্মদ শফিকুর রহমান(৮২) আর নেই। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
শনিবার (২৪শে অক্টোবর) বিকেল ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে গ্রামীণ ব্যাংকে দুর্বৃত্তদের আগুন, দুই লক্ষ টাকার আসবাবপত্র পুড়ে ছাই

মুহাম্মদ বাদশা ভূঁইয়া

চাঁদপুরের বাগাদী গ্রামীণ ব্যাংক শাখায় দুর্বৃত্তদের দেওয়া আগুনে প্রায় দুই লক্ষ টাকার আসবাবপত্র পুড়ে গেছে।
শুক্রবার দিনগত রাত আনুমানিক সাড়ে তিনটায় সদর উপজেলার বাগাদি ইউনিয়নের গ্রামীণ ব্যাংক বাগাদী শাখায় এই নাশকতার ঘটনা ঘটে।
এ বিষয়ে শনিবার দুপুরে চাঁদপুর সদর মডেল থানায় অভিযোগ দায়ের করেন শাখা ব্যবস্থাপক মাহমুদা আক্তার।
তিনি জানান, গ্রামীণ ব্যাংকের ভবনের দ্বিতীয় তলার আবাসিক কক্ষগুলোতে রাত আনুমানিক ৩ টায় জানালার গ্লাস ভেঙে ভেতরে কাঁচের বোতল জাতীয় কিছু নিক্ষেপ করে আগুন ধরিয়ে দেয়া হয়। মুহূর্তের মধ্যে আগুন ছড়িয়ে পড়ে এবং ব্যাংকের ভেতরের আসবাবপত্র, ● ২-এর পাতায় দেখুন

শাহতলীতে মাদকবিরোধী মিনি ফুটবল টুর্নামেন্ট

মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন চলবে

------চাঁদপুর প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী

নিজস্ব প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নে শাহতলী এক্সপ্রেস ক্লাবের উদ্যোগে মাদক বিরোধী মিনি ফুটবল টুর্নামেন্ট-২০২৬-এর সমাপনী ও পুরস্কার বিতরন অনুষ্ঠিত হয়েছে। ২৩ অক্টোবর (শুক্রবার) বিকেল ৪টায় শাহতলী জিলানী চিশতী কলেজ মাঠে মিনি ফুটবল টুর্নামেন্ট-২০২৬-এর সমাপনী খেলার উদ্বোধন করেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি ও জিলানী চিশতী কলেজ গভর্নিং বডির সভাপতি ● ২-এর পাতায় দেখুন

শাহতলীতে মাদকবিরোধী মিনি ফুটবল টুর্নামেন্টের পুরস্কার তুলে দিচ্ছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদীসহ অতিথিবৃন্দ।

চাঁদপুরের জেলা কারাগার-শাহতলী সড়কের ঢালাই টিকল না ১ মাসও।

চাঁদপুরের জেলা কারাগার-শাহতলী সড়কের ঢালাই ১ মাসও টিকল না

সদর প্রতিনিধি

দীর্ঘদিনের জনদুর্ভোগ অবসানের প্রত্যাশায় এক কোটি টাকা ব্যয়ে সংস্কার করা হয়েছিল চাঁদপুর সদর উপজেলার শাহতলী জেলা কারাগার সড়ক। কিন্তু সংস্কার কাজ শেষ হওয়ার এক মাস পার না হতেই সড়কের বিভিন্ন স্থানে ঢালাই উঠে গেছে। স্থানীয় বাসিন্দাদের দাবি, কোনো কোনো স্থানে ঢালাইয়ের অংশ হাতের সামান্য চাপে গুঁড়া হয়ে যাচ্ছে। সরকারি অর্থে বাস্তবায়িত একটি জনসেবামূলক অবকাঠামোর স্থায়িত্ব নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে।
দীর্ঘদিনের ভোগান্তির পর সংস্কারকাজ সম্পন্ন হওয়ায় স্থানীয় বাসিন্দারা আশা করেছিলেন এবার নিরাপদ ও নির্বিঘ্নে চলাচল ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে গাঁজা সেবন করে মাতলামি-অভিযুক্ত গ্রেপ্তার

হাইমচর প্রতিনিধি

হাইমচরে গাঁজা সেবন করে মাতলামি করার অভিযোগে মো. জসিম (৩৮) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে হাইমচর থানা পুলিশ। পরে তার মাদক সেবনের পরীক্ষায় গাঁজার উপস্থিতি শনাক্ত হওয়ার পর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাকে আদালতে পাঠানো হয়েছে।
পুলিশের প্রেস রিলিজ সূত্রে জানা যায়, গত ২৩ অক্টোবর রাত ৭টা ৫৫ মিনিটের দিকে হাইমচর উপজেলার ২ নম্বর উত্তর আলগী ইউনিয়ন পরিষদ থেকে ডেলের বাজারগামী সড়কে দেওয়ান বাড়ির সামনের সেতুর ওপর থেকে তাকে গ্রেপ্তার করা হয়। এ সময় তিনি গাঁজা সেবন করে মাতলামি করছিলেন বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়। হাইমচর থানার ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে নৌ পুলিশের অভিযানে ২০ জেলে গ্রেপ্তার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় মেঘনা নদীতে নিষিদ্ধ কারেন্ট জাল, চায়না চাই ও মশারি জাল ব্যবহার করে মাছ শিকারের অভিযোগে ২০ জন জেলেকে গ্রেপ্তার করেছে নৌ পুলিশ। এ সময় ৬০০ মিটার কারেন্ট জাল, ৮০ মিটার চায়না চাই ও ৫০ মিটার মশারি জাল জব্দ করা হয়। শনিবার (২৪ অক্টোবর ২০২৬) দিবাগত রাতে উপজেলার মোহনপুর ইউনিয়নের নাসিরার চর ও বাংলাবাজারসংলগ্ন মেঘনা নদীতে মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ি এ অভিযান পরিচালনা করে। নৌ পুলিশ সূত্রে জানা যায়, অভিযানের সময় নিষিদ্ধ ও অবৈধ জাল ব্যবহার করে মাছ শিকারের অভিযোগে ২০ জনকে গ্রেপ্তার করা হয়। পরে তাঁদের কাছ থেকে অবৈধ কারেন্ট জাল ৬০০ মিটার, নিষিদ্ধ চায়না চাই ৮০ মিটার এবং মশারি জাল ৫০ ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে যুবলীগ নেতা বাবু গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে আদালতের সমন ও গ্রেফতারি পরোয়ানামূলে যুবলীগের সাবেক নেতা বাবুকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।গ্রেপ্তারকৃত নেতার নাম সোহেল বিন সালেহ বাবু। তিনি ফরিদগঞ্জ উপজেলা যুবলীগের সাবেক সদস্য ও গুপ্টি পশ্চিম ইউনিয়ন যুবলীগের সাবেক

সভাপতির দায়িত্বে ছিলেন।
শুক্রবার (২৩শে অক্টোবর) রাতে থানা পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার গুপ্টি পশ্চিম ইউনিয়নে অভিযান চালিয়ে নিজ বাড়ি থেকে তাঁকে গ্রেপ্তার করে। পরে শনিবার ● ২-এর পাতায় দেখুন

শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড-২০২৬ পেলেন কর আইনজীবী মুহম্মদ মোজাম্মেল হক

বিশেষ প্রতিনিধি

রাষ্ট্রীয় রাজস্ব আদায়ে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড-২০২৬' পেয়েছেন চাঁদপুরের কর আইনজীবী মুহম্মদ মোজাম্মেল হক। শনিবার (২৪ অক্টোবর) ঢাকার পুরানা পল্টনে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম মিলনায়তনে শেরে বাংলা এ কে ফজলুল হক জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তাঁর হাতে এ সম্মাননা তুলে দেন অতিথিবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেরে বাংলা এ কে ফজলুল ● ২-এর পাতায় দেখুন

শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড-২০২৬ পেলেন কর আইনজীবী মুহম্মদ মোজাম্মেল হক।

বিল থেকে ধরে বাড়িতে পুষছিলেন গোখরা, কামড় খেয়ে হাসপাতালে কাঠমিস্ত্রি

গোলাম নবী খোকন

শখ করে বাড়িতে বিষধর গোখরা সাপ পুষছিলেন মতলব উত্তর উপজেলার ভূঁইয়াকান্দি গ্রামের ইকবাল হোসেন (৪৫)। প্রতিদিনের মতো বৃহস্পতিবার (২২ অক্টোবর) সকালে সাপটিকে খাবার দিতে বাক্স খুলেছিলেন ইকবাল। এ সময় সাপটি তার হাতে কামড় দিলে অসুস্থ হয়ে পড়েন তিনি।
ইকবাল হোসেন ভুইয়াকান্দি গ্রামের মৃত ইউসুফ আলীর ছেলে। তিনি পেশায় কাঠমিস্ত্রি। তার দুই মেয়ে ও এক ছেলে আছে। পরে ইকবালকে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে ভর্তি করা হয়েছে। ইকবালের স্ত্রী রিনা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর পৌরসভার ১১নং ওয়ার্ড জামায়াতের সহযোগী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা জামায়াতের নায়েবে আমীর এডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল।

চাঁদপুর পৌর ১১নং ওয়ার্ড জামায়াতের সহযোগী সমাবেশ

মানবতার সেবা ও দেশ পরিচালনার যোগ্যতা অর্জনে কাজ করতে হবে

----এডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল

শহর প্রতিনিধি

মানবতার সেবা ও দেশ পরিচালনার যোগ্যতা অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জনের ভিশন নিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী, চাঁদপুর পৌরসভার ১১নং ওয়ার্ডের উদ্যোগে সহযোগী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
চাঁদপুর পৌরসভা নিউ ট্রাক রোডে অবস্থিত আল-আমিন মডেল মাদ্রাসা হলরুমে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা জামায়াতের নায়েবে আমীর এডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল। প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল বলেন, "জামায়াতে ইসলামীর রাজনীতির মূল উদ্দেশ্য হলো আল্লাহর সন্তুষ্টির মাধ্যমেই পরকালে চিরস্থায়ী নাজাত বা মুক্তি ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ৪ মাদক কারবারি গ্রেফতার

গোলাম নবী খোকন

মতলব উত্তর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১২৮ পিস ইয়াবা ট্যাবলেট এবং ৩০ গ্রাম গাঁজাসহ ৪ জন মাদক কারবারিকে গ্রেফতার করেছে। ২৪ অক্টোবর ২০২৬ খ্রিঃ জেলা পুলিশ সুপার মোঃ মিজানুর রহমানের সার্বিক দিক-নির্দেশনায় এই অভিযান পরিচালনা করা হয়।
পুলিশ সূত্রে জানা গেছে, সহকারী পুলিশ সুপার (মতলব সার্কেল) জাবীর হুসনাইন সানীব এবং মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ১৫ দিনে ২ লাখ মিটার জাল জব্দ, আটক ৩৭৯ জেলে

স্টাফ রিপোর্টার

মা ইলিশ সংরক্ষণে চাঁদপুরের পদ্মা-মেঘনা নদীতে নৌ পুলিশের অভিযানে ১৫ দিনে ২ লাখ ৪ হাজার ৩৭৫ মিটার অবৈধ জাল, ৪৫টি নৌকা ও ১০ মণ ইলিশ জব্দ করা হয়েছে। এ সময় শিশুসহ ৩৭৯ জন জেলেকে আটক করা হয়। অভিযানে হামলায় নৌ পুলিশের পাঁচ সদস্য আহত হয়েছেন।
৮ থেকে ২২ অক্টোবর পর্যন্ত ৭১টি মামলার বিপরীতে এসব অভিযান পরিচালনা করা হয়। আটক ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

নামাজের সময়সূচী
২৫ অক্টোবর ২০২৬
রোববার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার ২৫ অক্টোবর ২০২৬, ৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ১৩ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

সন্ধ্যার পরেই জেলেদের দখলে মেঘনা নদী : দিনে প্রকাশ্যে মা ইলিশ বিক্রি

সন্ধ্যার পরেই জেলেদের দখলে মেঘনা নদী।

স্টাফ রিপোর্টার

মতলব অঞ্চলের মেঘনা নদীর ষাটনল থেকে আমিরাবাদ পর্যন্ত ২৫কিলোমিটার এলাকায় নিষেধাজ্ঞা উপেক্ষা করে একশ্রেণির জেলে প্রকাশ্যে মা ইলিশ শিকার চালিয়ে যাচ্ছে। স্থানীয় প্রশাসনকে ম্যানেজ করেই ২২ দিনের নিষেধাজ্ঞার কৌশলে চলছে এ কার্যক্রম চালিয়ে যাচ্ছে বলে একাধিক অভিযোগ উঠেছে। জানা যায়, সকাল থেকে বেলা ৫টা পর্যন্ত মেঘনা নদীতে অভিযান পরিচালনাকারীদের তৎপরতার মধ্যেও অনেক জেলে নদীতে জাল ফেলে মাছ শিকার করছেন। বিকেল ৫টার পর নদীতে অভিযান পরিচালনাকারীদের উপস্থিতি কমে যায়। তখন ইলিশ শিকারে নামেন দলবেঁধে জেলেরা। ঘণ্টার পর ঘণ্টা বিস্তীর্ণ নদীতে জেলেরা রাতের অন্ধকারে জাল ফেলে মা ইলিশ শিকার করে থাকে। সারারাত ইলিশ শিকার করে সকাল ভোরে নদীর তীরে এনে বিক্রি করছেন বলেও জানান মেঘনা নদীতীরবর্তী গ্রামের বাসিন্দারা। উপজেলার ষাটনল এলাকার বাসিন্দা মো. জয়নাল আবেদীন জানান, ৩-এর পাতায় দেখুন

আসামে মুসলিম উচ্ছেদে বিরোধীদলীয় নেতার তীব্র ক্ষোভ

দিগন্ত ডেস্ক

ভারতের আসাম রাজ্যে বিপুলসংখ্যক মুসলিম পরিবারের বসতবাড়ি ও ঐতিহাসিক মসজিদ গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় তীব্র উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান, এমপি।

এক বিবৃতিতে তিনি ভারত সরকারকে সংখ্যালঘু মুসলিমদের মৌলিক অধিকার রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান এবং যেকোনো উসকানিতে দেশের অভ্যন্তরীণ ধর্মীয় সম্প্রীতি বিনষ্ট না করতে বাংলাদেশের জনগণের প্রতি আহ্বান জানান। বিবৃতিতে ডা. ৩-এর পাতায় দেখুন

মারকাযুল কুরআন ইন্টারন্যাশনাল হিফজ মাদ্রাসায় নবীন বরণ অনুষ্ঠান।

মতলব উত্তরে মারকাযুল কুরআন ইন্টারন্যাশনাল হিফজ মাদ্রাসায় ছবক প্রদান ও নবীন বরণ

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার সুজাতপুর বাজারে মারকাযুল কুরআন ইন্টারন্যাশনাল হিফজ মাদ্রাসার শিক্ষার্থীদের ছবক প্রদান ও নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে নতুন শিক্ষার্থীদের বরণ করার পাশাপাশি মাদ্রাসার শিক্ষার মানোন্নয়ন ও আধুনিকায়ন নিয়ে আলোচনা করা হয়। মাদ্রাসার পরিচালক হাফেজ মাওলানা নাজমুল হাসানের পরিচালনায় এবং মাসিয়াত সরকারের উপস্থাপনায় অনুষ্ঠানে বক্তব্য দেন রওজাতুল জান্নাত মহিলা মাদ্রাসার মুহতামিম ক্বারী মাওলানা ৩-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে জামায়াতে ইসলামীর উদ্যোগে সেলাই মেশিন বিতরণ

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলায় দরিদ্র পরিবারের স্বাবলম্বিতা অর্জন ও কর্মসংস্থানের

সুযোগ সৃষ্টির লক্ষ্যে ১৮টি দরিদ্র পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মতলব দক্ষিণ উপজেলা জামায়াতের আমির জনাব আব্দুর রশিদ পাটোয়ারী। ৩-এর পাতায় দেখুন

চর্যাপদ সাহিত্য একাডেমির বই মাসের সংবর্ধনা পাচ্ছেন ৩ জন

স্টাফ রিপোর্টার

ছড়িয়ে দিতে বই, পথের মানুষ হই-স্লোগানে অক্টোবর মাসকে ৬ষ্ঠ বই উপহার মাস ঘোষণা করেছে চর্যাপদ সাহিত্য একাডেমি। গত ১ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যায় চাঁদপুর প্রেসক্লাবে আনুষ্ঠানিকভাবে এ কর্মসূচি ঘোষণা করা হয়। এরপর মাসজুড়ে চলে বই উপহার কর্মসূচি। পথেঘাটে, অফিস-আদালতে, স্কুল-কলেজে, এমনকি ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে শিক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলার টামটা আদর্শ উচ্চ বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নবিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষার গুণগত মান বৃদ্ধি, শিক্ষার্থীদের ভালো ফলাফল অর্জন এবং শিক্ষাপ্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ঋণের টাকা নিয়ে বিরোধের জেরে মারামারি।

মতলব উত্তরে ভাবিকে মারধরের ভিডিও ভাইরাল

স্টাফ রিপোর্টার

মতলব উত্তর উপজেলায় ঋণের টাকা পরিশোধ নিয়ে বিরোধের জেরে আপন ভাবিকে চুলের মুঠি ধরে মাটিতে ফেলে মারধর এবং অসুস্থ ভাইয়ের ওপর হামলার অভিযোগ উঠেছে আপন ভাইয়ের ৩-এর পাতায় দেখুন

কক্সবাজারে অপ্রাপ্তবয়স্ক মেয়েদের হোটেলে রুম ভাড়া দিলে আইনি ব্যবস্থা

দিগন্ত ডেস্ক

সংরক্ষিত আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট শামীম আরা স্বপ্না বলেছেন, কক্সবাজারের আবাসিক হোটেলগুলোতে অপ্রাপ্তবয়স্ক মেয়েদের প্রেমিকের সঙ্গে অবস্থানের জন্য রুম ভাড়া দেওয়ার তথ্যপ্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট হোটেল মালিক ও ম্যানেজারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ছাড়া রুম ভাড়া দেওয়া যাবে না। শনিবার ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর সাহিত্য একাডেমির মাসিক সাহিত্য সভা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সাহিত্য একাডেমির উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে বর্ণাঢ্য মাসিক সাহিত্য সভা ও সাহিত্য প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান। শুক্রবার (২৩ অক্টোবর ২০২৬) বিকেল ৫টায় শহরের ঐতিহ্যবাহী মোহাম্মদ নাসিরুদ্দিন মিলনায়তনে এই সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মহাপরিচালক ও নজরুল গবেষক কাজী শাহাদাত। সাহিত্য একাডেমির পরিচালক মুহাম্মাদ ফরিদ ৩-এর পাতায় দেখুন

জুমার নামাজ আদায় করে মুসল্লিদের কাছে দোয়া চেয়েছেন বাগানবাড়ি ইউপির চেয়ারম্যান প্রার্থী মিজানুর রহমান মিরান।

বাগানবাড়ি ইউপির চেয়ারম্যান প্রার্থী মিজানুর রহমান মিরানের দোয়া প্রার্থনা

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার ২নং বাগানবাড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী মিজানুর রহমান মিরান উত্তর মান্দারতলী হাদি সরকার বাড়ি জামে মসজিদে জুমার নামাজ আদায় করে মুসল্লিদের ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে বিপুল পরিমানে নিষিদ্ধ জাল জব্দ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ভ্রাম্যমান আদালতের অভিযানে বিপুল পরিমানে নিষিদ্ধ জাল ও দাহ্যবস্তু জব্দ করা হয়েছে। শুক্রবার (২৩ অক্টোবর) দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত হাজীগঞ্জ বাজারে পরিচালিত অভিযানে নিষিদ্ধ কারেন্ট জাল ও রিং জাল এবং দাহ্যবস্তু জব্দ করা হয়।

এদিন ভ্রাম্যমান আদালতের বিচারক, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. ওমর সানী আকনের ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ডেঙ্গু প্রতিরোধ অভিযানে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক এমরান হোসেন।

নিশ্চিন্তপুর গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ২য় ম্যাচ অনুষ্ঠিত

শামীম মিয়াজী

ফ্রেন্ডস এসোসিয়েশন মতলব উত্তর এর আয়োজনে নিশ্চিন্তপুর গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ এর প্রথম রাউন্ডের ২য় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। ২৪ অক্টোবর শনিবার বিকালে নিশ্চিন্তপুর উচ্চ বিদ্যালয় মাঠে খেলা উদ্বোধন করেন প্রধান অতিথি চাঁদপুর জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার। খেলায় অংশগ্রহণ করে রেপার শুভ স্পোর্টিং ক্লাব বনাম মামুন বন্ধুমহল ফুটবল একাদশ। বিশিষ্ট শিক্ষানুরাগী মোঃ ওবায়দুল্লাহ হাওলাদারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ৩-এর পাতায় দেখুন

নিশ্চিন্তপুর গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ২য় ম্যাচের উদ্বোধন করেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য আলমগীর সরকার।

হাইমচরে মা ইলিশ রক্ষা অভিযানে আটক ৮

হাইমচর প্রতিনিধি

হাইমচরে মা ইলিশ রক্ষায় পৃথক দুই অভিযানে নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ বিক্রি ও শিকারের অভিযোগে আটজনকে আটক করা হয়েছে। এ সময় ১৫৩ কেজি ৫০০ গ্রাম ইলিশ (৩.৮৩৭৫মণ) এবং প্রায় ১ লাখ মিটার নিষিদ্ধ কারেন্টজাল জব্দ করা হয়। পরে আটক তিনজনকে ১০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। অপ্রাপ্তবয়স্ক তিনজনকে মুচলেকা নিয়ে অভিভাবকের জিম্মায় দেওয়া হয়েছে।

শনিবার (২৪ অক্টোবর) হাইমচর উপজেলার নীলকমল ইউনিয়নের ঈশানবালার কাসেমুল উলুম মাদ্রাসা ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে বিএনপির উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধ অভিযান

মোঃ ইউসুফ বেপারী

হাজীগঞ্জ পৌরসভা ও পৌর ১০ নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। শনিবার (২৪ অক্টোবর) বিকেলে পৌরসভার ১০ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে অভিযান পরিচালিত হয়। এ সময় এলাকার বিভিন্ন স্থানে ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় সরকারি জায়গায় উপর অবৈধ ভাবে বাড়িঘর নির্মাণের অভিযোগে দখলমুক্ত করতে প্রশাসনের নির্দেশ।

এক টাকায় চার লাউ, অথচ ঢাকায় ৪০ টাকা পিস: সিন্ডিকেট নিয়ে ক্ষোভ ডাকসু ভিপির

দিগন্ত ডেস্ক

মাঠপর্যায়ে কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য না পাওয়া এবং রাজধানীসহ বড় শহরগুলোতে মধ্যস্বত্বভোগী সিন্ডিকেটের দৌরাত্ম্য নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েম। তিনি অভিযোগ করেছেন, একদিকে কৃষকদের পথে বসিয়ে ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় সরকারি জায়গায় বাড়িঘর নির্মাণের অভিযোগ : দখলমুক্ত করতে প্রশাসনের নির্দেশ

কচুয়া প্রতিনিধি

কচুয়া ও হাজীগঞ্জ দুই উপজেলার সীমান্তবর্তী এলাকায় কাদলা ও গৌড়েশ্বর দুই গ্রামের মাঝখানে দীর্ঘদিনের চলাচলের সরকারি রাস্তা ও প্রবহমান খালের উপর অবৈধ ভাবে স্থায়ী বাড়িঘর নির্মাণের অভিযোগে দখলদারীদেরকে দখলমুক্ত করতে উপজেলা প্রশাসন নির্দেশ দিয়েছে। গত ৪ অক্টোবর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আবু নাছির স্বাক্ষরিত নোটিশে (৩০ দিন) কার্য দিবসের মধ্যে অবৈধ দখলদারি কাদলা গ্রামের হাফিজ উদ্দিন ও মানিক হোসেনের ঘরবাড়ি ও স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

নোটিশে উল্লেখ করেন, কচুয়া উপজেলাধীন কাদলা মৌজার ৩৯৯নং খতিয়ানভুক্ত ২৬৫১ দাগের পাশে সরকারি হালট ও খাল থাকা সত্ত্বেও মালিকানা জমির উপর রাস্তা নির্মান হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং অত্রাফিসের সার্ভেয়ার সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদন পর্যালোচনা করে দেখা ৩-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মস্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ২৫ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

বিসিএসের গেজেট থেকে বাদ কারণ জানান, ন্যায্যতা নিশ্চিত করুন

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রতিটি ধাপ পেরিয়ে সরকারি কর্ম কমিশনের সুপারিশ পাওয়ার পরও নিয়োগের গেজেটে নাম নেই। কেন বাদ দেওয়া হলো, তা-ও জানেন না প্রার্থীরা। দীর্ঘ প্রস্তুতি ও অনিশ্চয়তার পথ পাড়ি দেওয়া তরুণদের জন্য এমন অভিজ্ঞতা গভীর হতাশার। একই সঙ্গে এটি সরকারি নিয়োগপ্রক্রিয়ার স্বচ্ছতা ও ন্যায্যতা নিয়ে প্রশ্ন তোলে। যাচাইয়ের নামে কাউকে অন্ধকারে রেখে তাঁর পেশাগত ভবিষ্যৎ অনিশ্চিত করে দেওয়া গ্রহণযোগ্য হতে পারে না। প্রতিবেদন অনুযায়ী, ৪৫তম বিসিএসে পিএসসি সুপারিশ করেছিল ১ হাজার ৮০৭ জনকে। চূড়ান্ত নিয়োগ পেয়েছেন ১ হাজার ৭০২ জন। বাদ পড়া ১০৫ জনের মধ্যে ৪৯ জন শারীরিক পরীক্ষা ও অন্যান্য কার্যক্রমে অংশ নেননি। বাকি ৫৬ জনকে কেন বাদ দেওয়া হয়েছে, সেটিই মূল প্রশ্ন। এর আগে ৪৯তম বিশেষ বিসিএসেও সুপারিশপ্রাপ্ত ৫৭ জনের নাম নিয়োগের প্রজ্ঞাপনে ছিল না। ফলে বিষয়টিকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখার সুযোগ নেই। পিএসসির সুপারিশের পর নির্ধারিত শর্ত যাচাইয়ের প্রয়োজন থাকতে পারে। কিন্তু সেই যাচাইয়ের মানদণ্ড হতে হবে স্পষ্ট, প্রাসঙ্গিক ও সবার জন্য সমান। অস্পষ্ট অভিযোগ, ব্যক্তিগত শত্রুতা কিংবা যাচাইকারীর পক্ষপাত যেন নিয়োগের সিদ্ধান্ত নির্ধারণ না করে। কোনো প্রতিবেদনে বিরূপ তথ্য থাকলে সেটিকে চূড়ান্ত সত্য ধরে নেওয়া চলে না।

মতলব উত্তরে নৌ

মিটার উদ্ধার করে জব্দ করা হয়। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ (সংশোধিত ২০১৩)-এর ৫(১)(২)(খ) ও ৫(১) ধারায় ছয়টি মামলা রুজুর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে নৌ পুলিশ। মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ রুহুল আমিন জানান, নদীতে নিষিদ্ধ জালের ব্যবহার বন্ধ এবং মৎস্যসম্পদ রক্ষায় নৌ পুলিশের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুরে ১৫ দিনে ২ লাখ

শিশুদের মধ্যে ১০৩ জনকে মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।
অন্যদিকে, ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৬৮ জনকে বিভিন্ন মেয়াদে সাজা ও জরিমানা করা হয়েছে।
চাঁদপুর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আজমগীর হোসাইন জানান, ১২ অক্টোবর কাচিকাটা, ১৫ অক্টোবর মোহনপুর এবং ১৭ অক্টোবর বহরিয়া এলাকায় অভিযানের সময় জেলেদের হামলার শিকার হন নৌ পুলিশের সদস্যরা। এতে তিনি নিজেও গুরুতর আহত হন।

মতলব উত্তরে ৪ মাদক

(ওসি) মানস বড়ুয়ার সরাসরি তত্ত্বাবধানে থানা এলাকায় এ মাদক বিরোধী বিশেষ অভিযান চালানো হয়।
অভিযানের প্রথম অংশে, এসআই (নিরস্ত্র) মোঃ মিজানুর রহমানের নেতৃত্বে এসআই (নিরস্ত্র) মোঃ আবু ইসহাক ও এএসআই (নিরস্ত্র) মোঃ রবিউল আলমসহ সঙ্গীয় ফোর্স সুগন্ধি এলাকায় অভিযান চালান। এ সময় স্থানীয় বাসিন্দা মোঃ আশরাফুল সরকার প্রান্তর বসতঘরের পশ্চিম পাশের কক্ষ থেকে ১২৮ পিস ইয়াবা ট্যাবলেটসহ দুইজনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন–সুগন্ধি (সরকার বাড়ী) এলাকার মোঃ আক্তার হোসেনের ছেলে মোঃ আশরাফুল সরকার প্রান্ত (২৬) এবং সুগন্ধি (মোল্লা বাড়ী) এলাকার সালাউদ্দিনের ছেলে মোঃ সাইমন (১৯)।
পৃথক আরেকটি অভিযানে, এসআই (নিরস্ত্র) সাদেকুর রহমানের নেতৃত্বে এএসআই (নিরস্ত্র) মোঃ মিলন শেখ ও এএসআই (নিরস্ত্র) মোঃ সাখাওয়াত হোসেনসহ পুলিশের একটি দল সুজাতপুর থেকে নন্দলালপুরগামী সড়কের উত্তর ইসলামাবাদ এলাকায় অবস্থান নেয়। সেখানে কবিরের চায়ের দোকানের সামনে পাকা রাস্তার ওপর থেকে ৩০ গ্রাম গাঁজা ও ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আরও দুইজনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন–কলেজ সুজাতপুর (সৈয়াল বাড়ী) এলাকার মৃত আলী আরশাদ সৈয়ালের ছেলে মোঃ মোতালেব সৈয়াল (৪০) এবং জংগল ইসলামাবাদ (প্রধান বাড়ী) এলাকার চারু মিয়ার ছেলে মোঃ সোহাগ (৩০)।
মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া জানান, ধৃত আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করে তিনি আরও জানান, মতলব উত্তর থানা পুলিশের এই মাদক বিরোধী বিশেষ অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

বিল থেকে ধরে বাড়িতে পুষছিলেন

আক্তার জানান, পাখি পালনসহ বিভিন্ন প্রাণী লালন-পালনের শখ তার স্বামীর। কয়েক মাস আগে বিল থেকে গোখরা সাপটি ধরে বাড়িতে নিয়ে আসেন তিনি। বিষধর সাপটি বাড়িতে না পুষতে রিনা বারবার নিষেধ করেছিলেন। এ নিয়ে তাদের মধ্যে বিরোধও হয়েছিল।
তবে স্ত্রীর নিষেধ উপেক্ষা করে সাপটি পোষা অব্যাহত রাখেন ইকবাল। শেষ পর্যন্ত সেই সাপের কামড়েই গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি।
ইকবালের ভাই ইসলাম হোসেন বলেন, আমরা বাড়ির লোকজন ও স্থানীয়রা ভাইকে সাপটি না পুষতে বারবার নিষেধ করেছিলেন। কিন্তু শখের কারণে কারও কথা শোনেননি তিনি। বৃহস্পতিবার সকালে সাপটিকে খাবার দিতে গিয়ে সেটির কামড়ের শিকার হন।
এ দিন বেলা সাড়ে ১১টার দিকে ইকবাল বাক্স খুলে সাপটিকে খাবার দিতে যান। খাবার হাতে নেওয়ার সময় সাপটি তার ডান হাতে ছোবল মারে। এ সময় তার চিৎকারে স্বজনেরা সেখানে ছুটে আসেন। কিছুক্ষণ পর বিষক্রিয়ায় অসুস্থ হয়ে পড়লে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নেওয়া হয়।
ইকবালকে অ্যান্টিভেনম দেওয়া হয়েছে জানিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সাবিন ইসতেহার বলেন, তাকে পর্যবেক্ষণে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। তিনি এখনো আশঙ্কামুক্ত নন।

মানবতার সেবা ও দেশ

লাভ করা। এই লক্ষ্য অর্জনের জন্য দলের প্রতিটি স্তরের নেতাকর্মীকে নিজের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে এবং আল্লাহর দেওয়া নেয়ামতের জন্য সর্বদা কৃতজ্ঞ থাকতে হবে।" তিনি সংগঠনের প্রতিটি দায়িত্বকে আল্লাহর সন্তুষ্টি অর্জনের মাধ্যম হিসেবে গ্রহণ করে তাকওয়া ও সততার সাথে জীবন পরিচালনা করার জন্য সবার প্রতি আহ্বান জানান।
১১নং ওয়ার্ড জামায়াতের আমীর মোঃ শরীফ খানের সভাপতিত্বে এবং অফিস সম্পাদক মঞ্জুর হোসাইনের পরিচালনায় সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর শহর জামায়াতের সেক্রেটারী শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, অফিস সম্পাদক অধ্যাপক ওমর ফারুক ও অর্থ সম্পাদক তোফাজ্জল হোসেন।
সমাবেশে আরও বক্তব্য রাখেন জেলা জামায়াত নেতা আঃ শুক্কুর মস্তান, ওয়ার্ড জামায়াত নেতা আমির খলিফা, শাহআলম খলিফা, খাজা আহম্মদ, মজিবুর রহমান ভূঁইয়া, দেলোয়ার হোসেন ভূঁইয়া, ছলেমান খান, সোহেল বেপারি, রাসেল বেপারি, মনির গাজী, দেলোয়ার দেওয়ান, অধ্যাপক মাহবুবুর রহমান, মুরাদ হোসেন এবং যুবনেতা মমিন মিজি প্রমুখ।

শেরে বাংলা গোল্ডেন

হক স্মৃতি পরিষদের প্রধান উপদেষ্টা ও সাবেক সচিব সৈয়দ মন্জুর মোর্শেদ। সংগঠনের মহাসচিব এএইচ আরমান চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।
আয়োজক প্রতিষ্ঠান শেরে বাংলা এ কে ফজলুল হক স্মৃতি পরিষদ কর্তৃপক্ষ জানান রাষ্ট্রীয় রাজস্ব আদায়ে বিশেষ অবদানের জন্য মুহম্মদ মোজাম্মেল হককে এ পুরস্কার প্রদান করা হয়েছে। উল্লেখ্য : মুহম্মদ মোজাম্মেল হক চাঁদপুর কর আইনজীবী 'আমিন অ্যান্ড অ্যাসোসিয়েটস'-এর সঙ্গে যুক্ত। তিনি চাঁদপুর জেলা যুবদলের সাহিত্য ও প্রকাশনা(সহ) বিষয়ক সম্পাদক।

ফরিদগঞ্জে যুবলীগ নেতা

(২৪শে অক্টোবর) দুপুরে তাঁকে পুলিশ প্রহরায় চাঁদপুর বিচারিক আদালতে প্রেরণ করা হয়।
পুলিশ সূত্রে জানা গেছে, গুপ্টি পশ্চিম ইউনিয়নের একটি স্থানীয় মারামারি ও সহিংসতার ঘটনাকে কেন্দ্র করে বিজ্ঞ আদালতে দায়ের করা মামলায় (মামলা নং: জিআর ২০৭/২৪) তাঁর বিরুদ্ধে দীর্ঘদিন ধরে গ্রেফতারী পরোয়ানা (ওয়ারেন্ট) মুলতবি ছিল। গোপনীয় সংবাদের ভিত্তিতে থানা পুলিশ অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করে।
ঘটনার সত্যতা নিশ্চিত করে ফরিদগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) আল-আমিন তালুকদার জানান, আদালতের গ্রেফতারি পরোয়ানা মূলে আসামিকে তাঁর নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার দুপুরে তাঁকে চাঁদপুরের আদালতে সোপর্দ করা হয়েছে।

হাইমচরে গাঁজা সেবন করে

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শাহ্ আলম, পিপিএম-সেবার সার্বিক দিকনির্দেশনায় থানার এএসআই মো. ছগির হোসেন সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে অভিযান পরিচালনা করেন।
গ্রেপ্তার মো. জসিম চাঁদপুর সদর উপজেলার ১০ নম্বর লক্ষীপুর মডেল ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বহরিয়া লক্ষীপুর গ্রামের বাসিন্দা। তার পিতা মৃত আব্দুল হক পাটোয়ারী এবং মাতা শহিদা বেগম।
পুলিশ জানায়, গ্রেপ্তারের পর তাকে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা করানো হয়। পরীক্ষার প্রতিবেদনে তার শরীরে গধবৎধনরহব (এ্যাঈ)-চড়ংরঃরাব ফল পাওয়া যায়।
এ ঘটনায় ২৪ অক্টোবর তার বিরুদ্ধে হাইমচর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ২১ ধারায় মামলা করা হয়। মামলার এফআইআর নম্বর ২৭ এবং জিআর নম্বর ২৮৯। একই দিন যথাযথ পুলিশি প্রহরায় তাকে বিজ্ঞ আদালতে পাঠানো হয়।

চাঁদপুরের জেলা কারাগার

করা সম্ভব হবে। কিন্তু অল্প সময়ের মধ্যেই ঢালাই ক্ষতিগ্রস্ত হওয়ার অভিযোগ তাদের সেই প্রত্যাশাকে প্রশ্নের মুখে ফেলেছে। এখন তাদের প্রধান দাবি- সড়কটির নির্মাণমান, ব্যবহৃত উপকরণ, ঢালাইয়ের পুরুত্ব, কারিগরি পদ্ধতি ও কাজের তদারকি নিরপেক্ষভাবে যাচাই করা হোক। স্থানীয় সূত্রে জানা যায়, জেলা কারাগার থেকে শাহতলী বাজার পর্যন্ত সড়কটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় ছিল। সড়কের দুরবস্থা নিয়ে গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর সংস্কারকাজ করা হয়। কিন্তু কাজ শেষ হওয়ার অল্প সময়ের মধ্যেই বিভিন্ন স্থানে ঢালাই উঠে যাওয়ার অভিযোগ সামনে আসে।
সম্প্রতি সড়কটি দিয়ে চলাচলের সময় স্থানীয় বাসিন্দারা বিষয়টি গণমাধ্যমকর্মীদের নজরে আনেন। সরেজমিন কয়েকটি স্থানে ঢালাই উঠে যাওয়ার চিত্র দেখা গেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। স্থানীয়দের অভিযোগ, ক্ষতিগ্রস্ত অংশের কিছু জায়গায় ঢালাইয়ের উপাদান এতটাই দুর্বল হয়ে পড়েছে যে সামান্য চাপেই তা ভেঙে যাচ্ছে।
তবে সড়কের ক্ষতিগ্রস্ত অংশের প্রকৃত পরিমাণ, ত্রুটির কারিগরি কারণ এবং পুরো প্রকল্পের গুণগত মান সম্পর্কে নিশ্চিত সিদ্ধান্তে পৌঁছতে স্বাধীন প্রকৌশলগত পরীক্ষা প্রয়োজন। এখন পর্যন্ত এমন কোনো পরীক্ষার ফলাফল এই প্রতিবেদনের জন্য পাওয়া যায়নি।
স্থানীয় বাসিন্দা মো. ফারুক ও মিজানুর রহমান বলেন, সড়কটির দুরবস্থার কারণে দীর্ঘদিন ধরে এলাকাবাসীকে চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। স্কুল-কলেজের শিক্ষার্থীসহ সাধারণ মানুষকে প্রতিনিয়ত ভোগান্তির মধ্যে চলাচল করতে হয়েছে। সংস্কারকাজ সম্পন্ন হওয়ার পর তারা স্বস্তির আশা করেছিলেন। কিন্তু অল্প সময়ের মধ্যে ঢালাই উঠে যাওয়ার অভিযোগ তাদের হতাশ করেছে।
যানবাহনচালক কাদের ও লিটনও সড়কটির স্থায়িত্ব নিয়ে সংশয় প্রকাশ করেন। তাদের মতে, দীর্ঘদিনের দুর্ভোগের পর সংস্কার করা সড়কটি যদি দ্রুত ক্ষতিগ্রস্ত হয়, তাহলে জনসাধারণের প্রত্যাশিত সুফল নিশ্চিত হবে না।
স্থানীয়দের বক্তব্য, ক্ষতিগ্রস্ত অংশে সাময়িক মেরামত করা হলেও সমস্যার মূল কারণ নির্ধারণ না করলে ভবিষ্যতে একই পরিস্থিতি তৈরি হতে পারে। তাই তারা শুধু মেরামত নয়, কাজের মান যাচাই এবং ত্রুটির কারণ নির্ধারণের দাবি জানিয়েছেন।
সড়কের ঢালাই উঠে যাওয়ার বিষয়ে জানতে চাইলে সদর উপজেলা প্রকৌশলী মোহাম্মদ রায়হাত আমিন পাটওয়ারী বলেন, ঢালাইয়ের সময় কয়েকটি স্থানে অবৈধভাবে স্পিড ব্রেকার নির্মাণ করা হয়েছিল। স্কুলের শিক্ষক ও এলাকাবাসীর অনুরোধে এসব স্পিড ব্রেকার তৈরি করা হয়। তার বক্তব্য অনুযায়ী এ কারণে সড়কের কয়েকটি স্থানে ঢালাই যথাযথভাবে করা সম্ভব হয়নি। তিনি আরো জানান, প্রায় এক কোটি টাকা ব্যয়ে সড়কটির সংস্কারকাজ করা হয়েছে। তার দাবি, সড়কের অধিকাংশ অংশ ভালো রয়েছে; তবে দুই-একটি স্থানে সমস্যা আছে। তিনি সরেজমিন সড়ক পরিদর্শন করেছেন এবং সমস্যাগুলো সমাধানে ঠিকাদারকে নির্দেশ দিয়েছেন। সড়কটির সংস্কারকাজের মান নিয়ে ওঠা অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদার মো. আলমগীর বলেন, যেসব স্থানে সমস্যা দেখা দিয়েছিল, সেসব স্থান ঠিক করে দেওয়া হয়েছে।

শিল্পবিপ্লবের সঙ্গে তাল

(আইবিডাব্লিউএফ) চাঁদপুর জেলা শাখা।
সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে আইবিডাব্লিউএফ-এর কেন্দ্রীয় সভাপতি মুহাম্মদ শহিদুল ইসলাম বলেন, "২০৫০ সালের বিশ্ব শিল্পবিপ্লবের সঙ্গে তাল মেলাতে হলে আমাদের উৎপাদনে যেতে হবে। শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার কোনো বিকল্প নেই।" বাংলাদেশ বাণিজ্যিকভাবে অত্যন্ত সম্ভাবনাময় উল্লেখ করে তিনি বলেন, ১৮ কোটি মানুষের এই বিশাল বাজারের কারণে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের কাছে বাংলাদেশের বড় গুরুত্ব রয়েছে। চীনসহ বিভিন্ন দেশ সফরের অভিজ্ঞতা তুলে ধরে তিনি জানান, উৎপাদনই সেসব দেশের অর্থনৈতিক পরিবর্তনের মূল চালিকাশক্তি।
ব্যবসায়ীদের উদ্দেশে তিনি আরও বলেন, সম্পদ অর্জন করতে হবে অবশ্যই সৎ পথে। সঠিক পরিকল্পনা, সততা, সাহস ও কঠোর পরিশ্রমের মাধ্যমে চাঁদপুরেও বড় শিল্পোদ্যোক্তা তৈরি করা সম্ভব। সম্মেলনে অংশ নেওয়া পাঁচ শতাধিক ব্যবসায়ীর মধ্যে মাত্র ১৬ জন উৎপাদনমুখী প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছেন উল্লেখ করে তিনি জানান, এই উদ্যোক্তারাই চাঁদপুরে শিল্পায়নের নতুন সম্ভাবনা জাগিয়ে তুলেছেন। মাত্র ৩টি মেশিন দিয়ে শুরু করে ৩ বছরের মধ্যে একটি প্রতিষ্ঠানকে ৫০টিরও বেশি মেশিনে পণ্য উৎপাদন করতে দেখার সফল অভিজ্ঞতাও তিনি শেয়ার করেন।
আইবিডাব্লিউএফ চাঁদপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক শাহ্ আলমের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন কেন্দ্রীয় অর্থ সম্পাদক হুমায়ুন কবির পাটওয়ারী, কুমিল্লা আঞ্চলিক সভাপতি কাজী নজরুল ইসলাম খাদেম এবং জেলা শাখার উপদেষ্টা অধ্যক্ষ মো. হারুন অর রশিদ উসমানী। জেলা শাখার সাধারণ সম্পাদক রেজাউল করিমের সঞ্চালনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন সহসভাপতি মোজাম্মেল হক পরান ও বাদশা ফয়সাল। এছাড়া ব্যবসায়ীদের মধ্যে নিজেদের অভিজ্ঞতা ও সাফল্যের গল্প তুলে ধরে বক্তব্য দেন মাওলানা আবু জাফর সিদ্দিক, শাখাওয়াত হোসেন, আবুবকর সিদ্দিক, হাফেজ তাজবীর ও সাইফুল ইসলাম সবুজ প্রমুখ। বক্তারা সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ব্যবসায়ীদের ঐক্যবদ্ধ হওয়া এবং সততার সাথে উৎপাদনমুখী উদ্যোগ বাড়ানোর আহ্বান জানান।

আ.লীগের সঙ্গে 'আঁতাত' নিয়ে

বলেন, 'বিরোধী দলের প্রতি এভাবে ইঙ্গিত না করে উনি খোলাসা করে বলুন। আমরা চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছি–কোথায়, কখন, কার সাথে, কীভাবে আঁতাত হয়েছে তা প্রমাণ করুন । প্রধানমন্ত্রী হয়ে তথ্যপ্রমাণ ছাড়া এভাবে ঢালাও কথা বলা অন্যায়। সাহস থাকলে প্রমাণ উপস্থাপন করে আমাদের চ্যালেঞ্জ গ্রহণ করুন।'

চাঁদপুরে গ্রামীণ ব্যাংকে

কাপড়চোপড় ও ভবনের একাংশ ক্ষতিগ্রস্ত হয়। এতে প্রায় দুই লক্ষ টাকার ক্ষতিগ্রস্ত হয়। তবে ব্যাংকের মূল্যবান কোন কাগজপত্র ক্ষয়ক্ষতি হয়নি।
ঘটনা সম্পর্কে গ্রামীণ ব্যাংক শাখার অফিস সহকারী ও নৈশ প্রহরী নিত্য হাওলাদার জানান, রাতের বেলা হঠাৎ করেই জানালা দিয়ে আগুন ছড়াতে দেখে দ্রুত বাইরে বের হয়ে আসেন এবং তাৎক্ষণিকভাবে ৯৯৯ ও ফায়ার সার্ভিসকে খবর দেন। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণে আনে।
এদিকে, ঘটনার খবর পেয়ে শনিবার বিকেলে চাঁদপুরের পুলিশ সুপার মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) খায়রুল কবির, চাঁদপুর সদর মডেল থানার (ওসি) ফয়েজ আহমেদ, সেকেন্ড অফিসার ফেরদৌস নূর, এসআই হাবিবুর রহমান ও নাদির শাহসহ পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। চাঁদপুর সদর মডেল থানার (ওসি) ফয়েজ আহমেদ জানান, এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

আখেরি মোনাজাতে শেষ

(২৩ অক্টোবর) সকাল থেকে ইজতেমা ময়দানে মুসল্লিদের সমাগম বাড়তে থাকে। প্রায় ১০ হাজার মানুষ একসঙ্গে ইজতেমা ময়দানে পবিত্র জুমার নামাজ আদায় করেন।
এর আগে বৃহস্পতিবার (২২ অক্টোবর) বাদ ফজর আম বয়ানের মধ্য দিয়ে চাঁদপুর শহরের পুরানবাজারের দোকানঘর এলাকায় মেঘনাপাড়ে এই ইজতেমা শুরু হয়।
তিন দিনব্যাপী এ আয়োজনে চাঁদপুর জেলাসহ পার্শ্ববর্তী এলাকার হাজারো ধর্মপ্রাণ মুসল্লি অংশ নেন। ইজতেমায় কোরআন ও হাদিসের আলোকে প্রবীণ আলেমদের বয়ান, জিকির-আজকার এবং বিশেষ তালিম অনুষ্ঠিত হয়। আখেরি মোনাজাতে মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে দোয়া করা হয়।
ইজতেমা ব্যবস্থাপনার সার্বিক বিষয়ে তাবলিগ জামাত চাঁদপুর জেলার জিম্মাদার মো. আরিফ উল্লাহ বলেন, নিজামুদ্দিনের মূল ধারার তত্ত্বাবধানে সব আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। ধর্মপ্রাণ মানুষের বিপুল উপস্থিতিতে শান্তিপূর্ণভাবে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে ইজতেমার সফল সমাপ্তি ঘটে।

চাঁদপুরে জামায়াতের স্থানীয়

করা হয়। প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চাঁদপুর জেলা জামায়াতের আমির ও কেন্দ্রীয় মজলিশে শূরার সদস্য মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী। এ সময় তিনি আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রার্থীদের জনকল্যাণে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।
কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য দেন চাঁদপুর জেলা জামায়াতের সেক্রেটারি অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া এবং জেলা সহকারী সেক্রেটারি মো. জাহাঙ্গীর আলম প্রধান।
দিনব্যাপী এ কর্মশালায় অংশগ্রহণকারীদের নির্বাচনী কৌশল ও সাংগঠনিক দক্ষতার ওপর গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ প্রদান করেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কো-ট্রেইনার (ঈড়-ঃৎধরহবৎ) সাদেক হোসেন ভূঁইয়া, মো. হারুন আর রশিদ ওসমানী, আবদুল মালেক, রুহুল আমিন খান ও কামরুজ্জামান সোহেল।

দেশে ধারাবাহিকভাবে

বেড়ে দাঁড়ায় ২৯ টাকা ৫৩ পয়সায় এবং ২০২৩-২৪ অর্থবছরে ৩১ টাকা ৬০ পয়সায় দাঁড়ায়। ২০২৪-২৫ অর্থবছরে ব্যয় কিছুটা কমে ৩০ দশমিক শূন্য ৫ টাকা হলেও ২০২৫-২৬ অর্থবছরে তা আবারো বেড়ে ৩৪ টাকা ১১ পয়সা হয়েছে। অর্থাৎ পাঁচ বছরে বোরো ধানের উৎপাদন ব্যয় বেড়েছে ৩১ দশমিক ২ শতাংশ। আর আমনের ক্ষেত্রে ২০২১-২২ অর্থবছরে প্রতি কেজিতে উৎপাদন ব্যয় ছিল ২৫ টাকা ৮০ পয়সা। ২০২২-২৩ অর্থবছরে ২৭ দশমিক ৮০ টাকা, ২০২৩-২৪ অর্থবছরে ২৮ দশমিক ৮৭ টাকা, ২০২৪-২৫ অর্থবছরে ২৯ দশমিক ৩৯ টাকা এবং ২০২৫-২৬ অর্থবছরে ৩০ টাকা ৪৬ পয়সায় উন্নীত হয়েছে। ওইসময়ে আমনের উৎপাদন ব্যয় ১৮ দশমিক শূন্য ৬ শতাংশ বেড়েছে।
সূত্র জানায়, ধান চাষে কৃষকের উৎপাদন ব্যয় বাড়লেও ধানের উৎপাদনশীলতা বাড়েনি। খাদ্য নিরাপত্তা নিশ্চিতে উৎপাদনশীলতা বাড়ানো জরুরি। বর্তমানে কৃষকরা ধানের ন্যায্যমূল্য পাচ্ছে না। বরং লাভের বড় অংশই নানা মধ্যস্বত্বভোগী হাতিয়ে নিচ্ছে। সেজন্য বাজার ব্যবস্থাপনাও জরুরি। কারণ ন্যায্যমূল্য পেলে ও উৎপাদনশীলতা বাড়লে কৃষক লাভবান হবে। আর কৃষক লাভবান হলে দেশের খাদ্যনিরাপত্তাও নিশ্চিত থাকবে। ধান উৎপাদনে সেচ ব্যয় বাড়ার অন্যতম বড় কারণ। বিশেষ করে বোরো ধান শুষ্ক মৌসুমে উৎপাদিত হওয়ায় সেচের ওপর নির্ভরতা বেশি। দেশের উত্তর ও মধ্যাঞ্চলের অনেক এলাকায় ভূগর্ভস্থ পানি ব্যবহার করেই আবাদ করতে হয় বোরো। কিন্তু ভূগর্ভস্থ পানির ওপর অতিরিক্ত নির্ভরতা, জ্বালানির মূল্য এবং সেচের ব্যয় বোরো উৎপাদনের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠছে। তাছাড়া ধান চাষে জমিতে বাড়ছে রাসায়নিক সারের ব্যবহারও। কিন্তু প্রয়োজনের তুলনায় বেশি বা ভারসাম্যহীন সার ব্যবহারে উৎপাদন ব্যয় বাড়ার পাশাপাশি ক্ষতিগ্রস্ত হচ্ছে মাটির স্বাস্থ্যও। বাংলাদেশের প্রায় ৯৫ শতাংশ কৃষকই নাইট্রোজেন, ফসফরাস, পটাশিয়াম ও সালফার অসম মাত্রায় ব্যবহার করে। যা মাটির স্বাস্থ্য, ফসলের উৎপাদনশীলতা ও কৃষির দীর্ঘমেয়াদি স্থায়িত্বের জন্য উদ্বেগজনক। কারণ সারের ভারসাম্যহীনতা মাটিতে পুষ্টির অসামঞ্জস্য তৈরি করে। তাছাড়াও প্লাস্টিক ও দূষণেও মাটির স্বাস্থ্য নষ্ট হচ্ছে। ফলে কৃষি উৎপাদনশীলতা কমছে এবং উৎপাদন ব্যয় বাড়ছে। শুধু কৃষি উপকরণের দাম নয়, আবহাওয়ার পরিবর্তনও ধানের উৎপাদনশীলতার ওপর সরাসরি প্রভাব ফেলছে। অতিরিক্ত তাপ, অনিয়মিত বৃষ্টি, খরা, বন্যা ও আকস্মিক জলাবদ্ধতা এখন কৃষকের উৎপাদন পরিকল্পনাকে অনিশ্চিত করে তুলছে। তার সঙ্গে যুক্ত হচ্ছে কৃষিজমি কমে যাওয়ার প্রবণতা। স্বাধীনতার পর থেকে এখন পর্যন্ত দেশে আবাদি জমির পরিমাণ প্রায় ৩০ শতাংশ কমেছে। প্রতি বছর দেশে ২০ থেকে ২২ লাখ মানুষ বাড়লেও বিপরীতে প্রতি বছর দশমিক ৩৬ শতাংশ হারে কৃষিজমি কমছে। প্রতিদিন প্রায় ৩০৭ একর জমি শিল্পায়ন, নগরায়ণ, বসতবাড়ি ও সড়ক নির্মাণের কাজে চলে যাচ্ছে।
সূত্র আরো জানায়, চলতি বছরের আগস্ট পর্যন্ত প্রতি কেজি আমনের গড় দাম ৩০ দশমিক ৬৬ টাকা ছিলো। আর বোরোর ক্ষেত্রে তা ছিলো ৩১ টাকা ২৪ পয়সা। অথচ বোরোর কেজিপ্রতি উৎপাদন ব্যয় ৩৪ টাকার ওপরে। তারপরও বোরো ধান সংগ্রহ মৌসুমে প্রতিবারই ধানের দাম কম থাকে। গত ২০২৫ সালে বোরো ধানের কৃষক পর্যায়ে প্রাপ্ত কেজিপ্রতি গড় দাম ছিল ৩৪ দশমিক ৫৭ টাকা, আর আমনে ৩৫ দশমিক ৩০ টাকা। ২০২৪ সালে বোরোর গড় দাম ছিল ৩২ দশমিক ২৮ টাকা এবং আমনের ৩৩ দশমিক ১৮ টাকা। ২০২৩ সালে আমনের গড় দাম ছিল ৩০ টাকা ৭১ পয়সা এবং বোরোর ৩০ টাকা ৫১ পয়সা। ২০২২ সালে কৃষক পর্যায়ে আমনের গড় দাম ছিল ২৮ টাকা ৩৪ পয়সা। বোরোর ছিল ৩০ টাকা ৫০ পয়সা। তাছাড়া এখন কৃষির সংকট শুধু উৎপাদন খরচের মধ্যেই সীমাবদ্ধ নেই। বরং জমি কমছে ও ভূগর্ভস্থ পানি কমছে, মাটির ওপর চাপ ও আবহাওয়ার অনিশ্চয়তা বাড়ছে। বাজারে কৃষকের দরকষাকষির ক্ষমতাও সীমিত হয়ে পড়ছে। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধিতে কৃষির সেচ ও পরিবহনে ব্যয় বাড়ছে। যা কৃষকের উৎপাদন খরচেও প্রভাব ফেলছে।
এদিকে কৃষি অর্থনীতিবিদদের মতে, দেশে সবচেয়ে বেশি চাষ হয় ধান। আর কৃষক ধানে মুনাফা না পেলে উৎপাদন থেকে মুখ ফিরিয়ে নিতে পারে। যদিও কোনো কোনো জমিতে ধানের বিকল্প চাষের সুযোগ না থাকায় বাধ্য হয়ে হয়তো সেখানেই ধানই চাষ হবে। কিন্তু অন্যরা ধীরে ধীরে অন্যদিকে ধাবিত হবে। যদিও অন্য ফসলে উৎপাদনেও কৃষকরা শ্রম ও বিনিয়োগের বিপরীতে কতটা মুনাফা হবে সেই প্রশ্ন থেকে যায়। তাছাড়া বর্তমান আবহাওয়াজনিত কারণে এদেশের কৃষির প্রবৃদ্ধি টেকসই নয়। কোনো বছর প্রবৃদ্ধি ২ থেকে ৩ শতাংশ বেড়ে গেলেও আবার কখনো ২ থেকে ৩ শতাংশ কমে যায়। সেজন্য জলবায়ু সহনশীল ধানের জাত উদ্ভাবন জরুরি।
এদিকে সার্বিক বিষয়ে কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ জানান, ধান চাষে কৃষকের মূল ব্যয় সার, শ্রমিক ও সেচে। জরিপ করে দেখা গেছে কৃষক যে পরিমাণ রাসায়নিক সার ব্যবহার করে তা ২৩ থেকে ২৭ শতাংশ কমিয়ে আনা সম্ভব। সেজন্য মাটির সমস্যাগুলো দূর করতে হবে। তাছাড়া শ্রমিকের ব্যয় কমাতে মেকানাইজেশনে যাওয়া হবে। তাতে ব্যয় কমে আসবে। আর সেচের ব্যয় কমাতে ডিপ টিউবওয়েলকে সোলারে কনভার্টের কাজ চলছে। কয়েক হাজার সোলারে কনভার্ট হয়েছে। আগামী বছরের মধ্যে ৬০-৭০ হাজার ডিপ টিউবওয়েলকে সোলারে কনভার্ট করার পরিকল্পনা রয়েছে। তাতে কৃষকের সেচের জন্য বিদ্যুৎ ও ডিজেল খরচ বেঁচে যাবে। কৃষকের উৎপাদন ব্যয় কমাতে ও উৎপাদনশীলতা বাড়াতে সরকার কাজ করছে।

ফরিদগঞ্জের সাবেক এমপি সাংবাদিক

৩টার দিকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।
পরিবার সূত্রে জানা গেছে, শুক্রবার বনানীর নিজ বাসভবনে হঠাৎ স্ট্রোকে আক্রান্ত হলে পরিবারের সদস্যরা তাঁকে আশঙ্কাজনক অবস্থায় ইউনাইটেড হাসপাতালে ভর্তি করেন। সেখানে নিবিড় পরিচর্যা কেন্দ্রে চিকিৎসাধীন অবস্থায় আজ তিনি ওপাড়ে পাড়ি জমান।
মুহম্মদ শফিকুর রহমান ১৯৪৯ সালের ২৫শে সেপ্টেম্বর চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা পূর্ব ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামের মিয়াজী বাড়ির এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আবদুল হামিদ এবং মাতা আয়েশা খাতুন। তিনি ফরিদগঞ্জ আলিয়া মাদ্রাসা থেকে ১৯৬৫ সালে কামিল (হাদিস) ডিগ্রি অর্জনের পর ১৯৬৭ সালে চাঁদপুর সরকারি কলেজ থেকে উচ্চমাধ্যমিক সম্পন্ন করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ থেকে ১৯৭০ সালে স্নাতক এবং ১৯৭১ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি বিখ্যাত হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।
ছাত্রজীবন থেকেই তিনি রাজনীতি ও প্রগতিশীল সামাজিক আন্দোলনের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত ছিলেন। ১৯৬৫ সালে আলিয়া মাদ্রাসায় অধ্যয়নকালে ছাত্রলীগের রাজনীতিতে তাঁর হাতেখড়ি। উনসত্তরের গণ-অভ্যুত্থান এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তিনি বীরত্বের সঙ্গে সক্রিয় অংশগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালেই ১৯৭০ সালে দৈনিক ইত্তেফাকের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি হিসেবে সাংবাদিকতায় তাঁর পেশাগত জীবনের সূচনা হয়। স্বাধীনতার পর ইত্তেফাকে পূর্ণাঙ্গ সাংবাদিক হিসেবে যোগ দিয়ে দীর্ঘ ৩২ বছর স্টাফ রিপোর্টার, সিনিয়র রিপোর্টার ও বিশেষ প্রতিনিধি হিসেবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। ২০০২ সালে ইত্তেফাক থেকে অবসর নেওয়ার পর স্বাধীন কলামিস্ট হিসেবে দৈনিক আজকের কাগজ, দৈনিক ভোরের কাগজ এবং দৈনিক জনকণ্ঠের জনপ্রিয় 'চতুরঙ্গ' পাতায় নিয়মিত কলাম লিখে জাতীয় পর্যায়ে আলোড়ন সৃষ্টি করেন।
সাংবাদিকতায় আন্তর্জাতিক অভিজ্ঞতা অর্জনে তিনি ১৯৮৫ সালে জাপানের টোকিও, ১৯৯১ সালে জার্মানির বার্লিন এবং যুক্তরাজ্যে উচ্চতর সাংবাদিকতা প্রশিক্ষণ ও পড়াশোনা সম্পন্ন করেন। সাংবাদিক সমাজের শীর্ষ অভিভাবক হিসেবে তিনি ২০১৬-১৭ ও ২০১৭-১৮ মেয়াদে টানা দুবার বাংলাদেশ জাতীয় প্রেস ক্লাবের সভাপতি নির্বাচিত হন। কর্মজীবনে তিনি বেসরকারি স্যাটেলাইট চ্যানেল 'সিটিজেন টিভি'র চেয়ারম্যান ও প্রধান সম্পাদক এবং সেক্টর কমান্ডারস ফোরামের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন।
সাংবাদিকতার পাঠ চুকিয়ে তিনি স্বক্রিয় রাজনীতিতেও সফল অবদান রাখেন। চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসন থেকে ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবার এবং ২০২৪ সালের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দ্বিতীয়বার সংসদ সদস্য নির্বাচিত হন। ২০১৯ সালের ৩রা জানুয়ারি থেকে ২০২৪ সালের ৬ই আগস্ট পর্যন্ত তিনি জাতীয় সংসদে ফরিদগঞ্জের প্রতিনিধিত্ব করেন।
মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, অসংখ্য সহকর্মী, গুণগ্রাহী এবং রাজনীতি ও সাংবাদিকতা অঙ্গনের অজস্র শুভানুধ্যায়ী রেখে গেছেন।
গুণী এই ব্যক্তিত্বের হঠাৎ প্রয়াণে ফরিদগঞ্জের সাংবাদিক, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে গভীর শোকের ছায়া নেমে এসেছে। বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন তাঁর আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে।

মাদকের বিরুদ্ধে সামাজিক

সোহেল রুশদী। প্রধান অতিথির বক্তব্যে প্রেসক্লাব সভাপতি সোহেল রুশদী বলেন, খেলাধুলার মাধ্যমে যুবসমাজকে মাদক থেকে দূরে রাখা যায়। তরুণদের খেলাধুলা প্রতি আগ্রহ সৃষ্টি করতে হবে। মাদকমুক্ত সমাজ গঠনে খেলাধুলার গুরুত্ব তুলে ধরতে এ টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন চলবে। কেউ আইন হাতে নিবেন না, কোন মাদক ব্যবসায়ীকে দেখলে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে তুলে দিবেন।
তিনি বলেন, যুবসমাজকে সামাজিক যোগাযোগ মাধ্যম ও মাদকের ক্ষতিকর আসক্তি থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। যুবসমাজের শারীরিক ও মানসিক বিকাশ ঘটিয়ে মাদকমুক্ত সমাজ গঠন করতে হবে।
৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ জাহাঙ্গীর মিজির পরিচালনায় বিশেষ অতিথি'র বক্তব্য রাখেন চাঁদপুর জেলা বিএনপির সদস্য ও ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি এস এম বাকের খন্দকার, ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান স্বপন মাহমুদ, ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামাল মিজি, ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি নজরুল ইসলাম (বাবলু)।

প্রবাসী মা ও তার সন্তানের সংকট

আফিয়া মোবাশসিরা ঐশী

যে ঘরে মায়ের সঙ্গে থাকার কথা, সে ঘরেই যেন অপেক্ষার প্রহর গুনতে হচ্ছে প্রবাসী মায়ের সন্তানদের। মায়ের অনুপস্থিতিতে তাদের শৈশব কাটছে দূর দেশে থাকা মায়ের ফিরে আসার অপেক্ষা আর একাকিত্বের মধ্য দিয়ে। শিশুর মানসিক বিকাশে মায়ের স্নেহ-সান্নিধ্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু উন্নত জীবনযাপন ও পরিবারের আর্থিক সচ্ছলতা নিশ্চিত করার স্বপ্ন নিয়ে অনেক মা পাড়ি জমান বিদেশে। ফলে মায়ের অনুপস্থিতি অনেক শিশুর মনে একাকিত্ব ও নিরাপত্তাহীনতা তৈরি করতে পারে। অসুস্থতা কিংবা স্কুলের অভিভাবক সভায় মাকে পাশে না পেয়ে তারা নিজেদের বঞ্চিত মনে করে। অনেক শিশু তাদের অনুভূতি প্রকাশে সংকোচ বোধ করে, আবার অনেকেই বিরক্তি বা অস্থিরতার মাধ্যমে তা প্রকাশ করে। ফলে অনেক শিশুর শৈশব কাটে একাকিত্ব ও মানসিক কষ্টের মধ্য দিয়ে।
তবে শিশুর এই মানসিক সংকট শুধু একটি পারিবারিক সমস্যা নয়, বরং এর সঙ্গে জড়িত রয়েছে রেমিট্যান্সের আড়ালে থাকা এক ভিন্ন বাস্তবতা। অর্থনৈতিক সচ্ছলতা অর্জনের জন্য যখন কোনো পরিবারের একজন সদস্যকে দূরে থাকতে হয়, তখন তৈরি হওয়া একাকিত্ব, যত্নের ঘাটতি ও আবেগীয় চাহিদার বিষয়গুলো টাকার অঙ্কে মাপতে যাই বা টাকা দিয়ে সেই অভাব পূরণ করতে চেষ্টা করি, তখন তাকে একাকিত্বের অর্থনীতি বলা হয়।
প্রবাসী মায়েদের পাঠানো অর্থ যেমন পরিবারের আর্থিক সমস্যা দূরীকরণে ইতিবাচক ভূমিকা রাখছে, তেমনি মায়ের দীর্ঘ অনুপস্থিতি সন্তানের মানসিক ও সামাজিক জীবনে নেতিবাচক প্রভাব ফেলছে। সরকারি (বিএমইটি) পরিসংখ্যান অনুযায়ী, প্রতিবছর গড়ে ৬০ হাজার থেকে ১ লাখের বেশি নারী জীবিকার তাগিদে দেশ ছাড়ছেন। যাদের একটি বড় অংশই বিবাহিত ও সন্তানসম্পন্ন মা।
বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, প্রবাসী পুরুষকর্মীদের তুলনায় নারী কর্মীরা তাদের আয়ের প্রায় ৯০ শতাংশই দেশে পাঠিয়ে দেন। ফলে দরিদ্র পরিবারগুলো তাদের মৌলিক চাহিদা পূরণ করতে সক্ষম হয়। বিশেষ করে নিম্ন আয়ের পরিবারগুলো রেমিট্যান্স গ্রহণ করে জীবনযাত্রার মান উন্নত করে। প্রবাসী মায়ের পাঠানো অর্থ দিয়ে সন্তানের পড়াশোনার খরচ, পুষ্টিকর খাবার ও চিকিৎসার সুযোগ নিশ্চিত করা হয়। পাশাপাশি নারীদের আর্থিক সক্ষমতা বাড়ে। তাদের পাঠানো অর্থে বাড়িঘর নির্মাণ ও ছোট ছোট ব্যবসায় বিনিয়োগ করা হয়। এর ফলে স্থানীয় বাজারগুলোতে কেনাবেচা বাড়ে।
প্রবাসী নারী অথবা পুরুষ বৈধভাবে অর্থ পাঠালে দেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ বাড়ে। এই অর্থ দেশের আন্তর্জাতিক লেনদেনের ভারসাম্য রক্ষা, বৈদেশিক মুদ্রার খাতে স্থিতিশীলতা এবং আমদানি ব্যয়ের চাপ সামাল দিতে সহায়তা করে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে দেশে প্রায় ৩৫ দশমিক ৫৬ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে, যা দেশের বৈদেশিক মুদ্রার জোগান ও সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।
অন্যদিকে, মায়েরা জীবিকার তাগিদে বিদেশে গেলে তাদের সন্তানদের ওপর মানসিক চাপ পড়তে পারে। মায়ের দীর্ঘ অনুপস্থিতিতে শিশু একাকিত্ব ও পড়াশোনায় অমনোযোগের শিকার হতে পারে। এই একাকিত্ব দমন করতে গিয়ে শিশুরা খুব সহজেই কিশোর গ্যাং, অনলাইন জুয়া এবং মাদকের মতো মরণব্যাধিতে জড়িয়ে পড়তে পারে। আবার, সঠিক তদারকির অভাবে মায়ের পাঠানো অর্থ সন্তানের প্রয়োজনে যথাযথভাবে ব্যয় না-ও হতে পারে, যা শিশুর ভবিষ্যৎকে অন্ধকারের দিকে ঠেলে দিতে পারে। এ পরিস্থিতি পরিবারে অস্থিরতা, সমাজে নানা সমস্যা এবং দেশের মানবসম্পদ উন্নয়নে বাধা সৃষ্টি করতে পারে।
তাই এ সমস্যাগুলোর সমাধানে পরিবার, সমাজ ও রাষ্ট্রের সম্মিলিত উদ্যোগ নেওয়া অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। প্রথমত, মা বিদেশে থাকলে সন্তানদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করতে হবে। পাশাপাশি পরিবারের অন্য সদস্যদের শিশুর প্রতি যত্নশীল হতে হবে। দ্বিতীয়ত, প্রবাসী মায়ের সন্তানদের একটি সুনির্দিষ্ট ডেটাবেস তৈরি করতে হবে এবং স্থানীয় প্রশাসনের মাধ্যমে শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও সুরক্ষার নিয়মিত তদারকি নিশ্চিত করা প্রয়োজন। তৃতীয়ত, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিশুদের পড়াশোনার পাশাপাশি মানসিক সুস্থতার দিকে নজর দিতে হবে এবং প্রয়োজনে কাউন্সেলিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। চতুর্থত, প্রবাসীকল্যাণ ব্যাংকের মাধ্যমে শিশুদের উচ্চশিক্ষা ও সুরক্ষার বিশেষ সঞ্চয় প্রকল্প চালু করা প্রয়োজন, যেন তাদের সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত হয়। পঞ্চমত, দেশে নারীদের জন্য সম্মানজনক কর্মসংস্থান ও ক্ষুদ্র উদ্যোগের সুযোগ বাড়াতে হবে।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপনিবাগ পৌর সুপার মার্কেট, কুমিল্লা রোড, চাঁদপুর।
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
মাওলানা আবু জাফর সিদ্দিকী
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
Standard প্যাকেজ ১,৫৫,০০০
Economy প্যাকেজ ১,৩০,০০০
Economy প্যাকেজ ১,৪৫,০০০
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
01613-119652
01871-634121
01629-804375

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২৯০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
ঢাকা অফিস: ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস: আনসারী মঞ্জিল, বিপ্লব চিলারখোলা মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল: ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

মতলব দক্ষিণে জামায়াতে

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতের নেতা জনাব ডা. মো. আব্দুল্লাহ আল মামুন, জনাব মোস্তাফিজুর রহমানসহ সংগঠনের অন্যান্য দায়িত্বশীল নেতৃবৃন্দ।
অনুষ্ঠানে দরিদ্র পরিবারের সদস্যদের হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। এ উদ্যোগের মাধ্যমে উপকারভোগী পরিবারগুলো সেলাইয়ের কাজ করে আয়-রোজগারের সুযোগ পাবে এবং নিজেদের আর্থিক অবস্থার উন্নয়নে ভূমিকা রাখতে পারবে বলে আশা করা হচ্ছে।
দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

চাঁদপুর সাহিত্য একাডেমির

হাসান এতে সভাপতিত্ব করেন।
মুহাম্মদ আবু হানিফের সঞ্চালনায় সভার শুরুতে স্বরচিত কবিতা পাঠ করেন কবি আরিফুল ইসলাম শান্ত, দীন মোহাম্মদ দিলরাজ, ফয়সাল মৃধা, তামান্না, নিয়াজ মোর্শেদসহ চাঁদপুরের উদীয়মান ও জ্যেষ্ঠ কবিরা।
অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে নিয়ে বিশেষ আলোচনা ও স্মৃতিচারণ। জাতীয় কবিকে সরাসরি গান শোনানোর ঐতিহাসিক অভিজ্ঞতার স্মৃতিচারণ করেন বিশিষ্ট ব্যক্তিত্ব রূপালী চম্পক।
এরপর নজরুলের জীবন ও সাহিত্য নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন কবি আব্দুল গনি এবং সাহিত্য একাডেমির পরিচালক মাঈনুল ইসলাম মানিক।
অনুষ্ঠানে নজরুলের কালজয়ী সংগীত পরিবেশন করে শ্রোতাদের মুগ্ধ করেন শিল্পী ফরহাদ আলম ও অর্পিতা হাওলাদার ঐশী।
সভায় লেখক ও সাহিত্যিক মাহমুদুল হাসান খান সম্পাদিত "জীবনের গল্প" নামক একটি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। বইটির ওপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন বিশিষ্ট কবি ও সম্পাদক নুরুন্নাহার মুন্নি।
বিশেষ অতিথি হিসেবে সভায় বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক শরীফ মাহমুদ চিশতী, সাহিত্য একাডেমির পরিচালক মাঈনুল ইসলাম মানিক, সাংবাদিক ও সংগঠক আশিক বিন রহিম, নজরুল ইসলাম নজু এবং এ কে এম সলিমুল্লাহ।
সভার শেষ অংশে চাঁদপুর সাহিত্য একাডেমি আয়োজিত কবিতা, গল্প ও প্রবন্ধ প্রতিযোগিতার বিজয়ীদের হাতে সনদপত্র (সার্টিফিকেট) এবং বিশেষ পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

কক্সবাজারে অপ্রাপ্তবয়স্ক মেয়েদের

কক্সবাজার জেলা প্রশাসন আয়োজিত জেলার নিরাপদ পর্যটন নিশ্চিতকরণের লক্ষ্যে হোটেল-মোটেল-রেস্তোরাঁ মালিক, পর্যটনসংশ্লিষ্ট ব্যবসায়ী ও অংশীজনদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।
এমপি শামীম আরা স্বপ্না বলেন, 'কক্সবাজারে ইদানীং দেখা যায়, ছোট ছোট মেয়েরা তাদের প্রেমিকদের হাত ধরে আপনাদের হোটেলে চলে আসে। তারা তো 'আন্ডারএজ' (অপ্রাপ্তবয়স্ক), তাদের এখনো একা হোটেলে থাকার বয়স হয়নি। আপনারা তাদের এনআইডি ছাড়া অবস্থান করতে দেন, এটা আইনগতভাবে অনেক বড় অপরাধ। এর ফলে নানা ধরনের অঘটন ঘটছে। কেউ পথে-ঘাটে প্রাণ হারাচ্ছেন, আবার কেউ আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন।'
তিনি ব্যবসায়ীদের উদ্দেশে আরো বলেন, 'এ ধরনের পরিস্থিতি কক্সবাজারে হতে দেওয়া যায় না। আপনাদের প্রতি অনুরোধ, কেউ মা-বাবার সঙ্গে এলে হোটেলে থাকতে পারবে। তবে প্রেমিকের সঙ্গে এলে এবং জাতীয় পরিচয়পত্র (এনআইডি) না থাকলে হোটেলে থাকার কোনো অনুমতি দেওয়া যাবে না। এরপরও এ ধরনের ঘটনা ধরা পড়লে সংশ্লিষ্ট হোটেল মালিক ও ম্যানেজারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।'
উল্লেখ্য, গত ৮ অক্টোবর কুমিল্লার সপ্তম শ্রেণির স্কুলছাত্রী জান্নাতুল তাজমিনের লাশ উদ্ধার করা হলে দেশব্যাপী চাঞ্চল্যের সৃষ্টি হয়েছিল। ১৩ বছর বয়সী ওই শিক্ষার্থী হত্যার শিকার হওয়ার আগে কক্সবাজারে 'তানজু আক্তার' নামে তার কথিত প্রেমিক রাজুর সঙ্গে একটি হোটেলে অবস্থান করেছিল এবং সেখানের নিবন্ধন খাতায় তার বয়স ১৮ বছর উল্লেখ করা হয়েছিল।
মতবিনিময় সভায় নিজের বক্তব্যের প্রসঙ্গটি তুলে ধরেন কক্সবাজারের পুলিশ সুপার এ এন এম সাজেদুর রহমান। তিনি বলেন, 'কুমিল্লার ঘটনায় কক্সবাজারকে জড়ানো হয়েছে।'
পর্যটনশিল্পের স্বার্থে এসব অপতৎপরতা রুখতে নেতিবাচক প্রচার যাতে না ছড়ায়, সেদিকে খেয়াল রাখতে হবে এবং ইতিবাচক ব্র্যান্ডিংয়ের ওপর গুরুত্ব দিতে হবে বলেও মন্তব্য করেন জেলা পুলিশের এই শীর্ষ কর্মকর্তা।

মতলব উত্তরে ভাবিকে

বিরুদ্ধে। এ ঘটনায় মারধরের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে এক নারীকে চুলের মুঠি ধরে মাটিতে ফেলে মারধর করতে দেখা যায়। এ ছাড়া এক ব্যক্তির ওপর হামলার দৃশ্যও রয়েছে বলে জানা গেছে।
ঘটনাটি উপজেলার পূর্ব ঘাটনল গ্রামের প্রধান বাড়ির। এ ঘটনায় নার্গিস আক্তার (৪৫) তার দেবর কবির হোসেন প্রধান (৪০), দেবরের স্ত্রী শাহিনুর বেগম (৩৬) ও তাদের মেয়ে কাশফিয়া আক্তারকে (১৮) বিবাদী করে মতলব উত্তর থানায় লিখিত অভিযোগ দিয়েছেন।
অভিযোগ সূত্রে জানা যায়, নার্গিসের স্বামী মনির হোসেন দীর্ঘদিন ধরে অসুস্থ। তার চিকিৎসার জন্য দেবর কবির হোসেনের কাছ থেকে ৩১ হাজার টাকা ধার নেন নার্গিস। পরে পাঁচ হাজার টাকা পরিশোধ করা হয়। বাকি ২৬ হাজার টাকা দুই মাস পর পরিশোধের বিষয়ে পারিবারিকভাবে সিদ্ধান্ত হয়েছিল বলে দাবি করেন তিনি।
গত ২১ অক্টোবর সকালে পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। নার্গিসের অভিযোগ, ওই সময় কবির হোসেন ও তার স্ত্রী তাকে গালিগালাজ করেন এবং মারধর করেন। পরে বাড়িতে যাওয়ার পথে তাকে আটকে কাঠের লাঠি দিয়ে শরীরের বিভিন্ন স্থানে আঘাত করা হয়। কবিরের মেয়ে তার ডান হাতের কবজিতে কামড় দিয়ে জখম করেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়েছে।
এ ছাড়া শাহিনুর বেগম তার গলায় থাকা ছয় আনা ওজনের একটি স্বর্ণের চেইন নিয়ে গেছেন বলে অভিযোগ করেছেন নার্গিস। তার চিৎকার শুনে স্বামী মনির হোসেন ও মেয়ে মুনিয়া এগিয়ে এলে তাদেরও মারধর করা হয় বলে অভিযোগে বলা হয়েছে। অসুস্থ মনির হোসেনের বুকে লাথি মারা এবং মুনিয়ার গলা চেপে শ্বাসরোধের চেষ্টা করার অভিযোগও রয়েছে। পরে আহতরা মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নেন।
এ বিষয়ে মামলার বাদি নার্গিস আক্তার বলেন, তার স্বামীর চিকিৎসার জন্য বিভিন্নজনের কাছ থেকে ধারদেনা ও কিস্তিতে টাকা তুলে সংসার চালাতে হচ্ছে। তার ভাষ্য, দেবর বিদেশ থেকে দেশে ফেরার পর পাওনা টাকার জন্য চাপ দেওয়া হচ্ছিল। কয়েক দিন আগে কিস্তির টাকা থেকে পাঁচ হাজার টাকা পরিশোধও করেছেন তারা। বাকি টাকা তার ছেলে পরিশোধ করবে বলে জানিয়েছিল।
নার্গিস বলেন, ২১ অক্টোবর সকালে আমি জামাইবাড়িতে যাওয়ার সময় তারা আমার ওপর হামলা চালায়। চুলের মুঠি ধরে মাটিতে ফেলে ইচ্ছেমতো মারধর করেছে। আমার অসুস্থ স্বামীকেও অনেক মারধর করেছে। আমি এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার চাই।
তবে অভিযোগ অস্বীকার করে শাহিনুর বেগমের দাবি, পাওনা টাকা চাইতে গেলে নার্গিসের পরিবারের লোকজন তাদের অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং তাদের জায়গায় এসে মারধর করেন। তার ভাষ্য, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওর শেষের অংশ দেখানো হচ্ছে, এর আগে তাঁদের ওপরও হামলা চালানো হয়েছিল।
এদিকে ঘটনার বিষয়ে মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া জানান, গতকাল থানায় এ ঘটনায় লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। অভিযোগটি তদন্তাধীন রয়েছে।

শাহরাস্তিতে শিক্ষার মান

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষার মান উন্নয়ন কমিটির সভাপতি ও শাহরাস্তি উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শহিদ উল্যাহ কাউসার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহরাস্তি উপজেলা বিএনপির সহ-সভাপতি শাহ মোহাম্মদ আলী।
সভায় সভাপতিত্ব করেন টামটা আদর্শ উচ্চ বিদ্যালয়ের সভাপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী প্রকৌশলী মো. হেলাল উদ্দিন পাটোয়ারী। সভা সঞ্চালনা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ উল্যাহ।
সভায় বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ আরও উন্নত করা, শিক্ষার্থীদের ফলাফল ও শিক্ষার মান বৃদ্ধি এবং শিক্ষাপ্রতিষ্ঠানের সার্বিক অগ্রগতিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্ব দেওয়া হয়।

চর্যাপদ সাহিত্য একাডেমির

যানবাহনেও উপহার দেওয়া হয় বই। এ কর্মসূচি চলবে আগামী ৩১ অক্টোবর পর্যন্ত।
প্রতিদিন সাধারণ মানুষ থেকে শুরু করে প্রশাসনিক কর্মকর্তা, রাজনীতিবিদ, গণমাধ্যমকর্মী, শিক্ষক-শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিদের হাতে বই উপহার তুলে দেয় একাডেমির সদস্যরা। গল্প, কবিতা, প্রবন্ধ, উপন্যাস, শিশুতোষ প্রায় ১ হাজার বই বিনামূল্যে পাঠকের হাতে তুলে দেওয়ার টার্গেট নিয়ে মাঠে নেমেছে প্রতিষ্ঠানটি। মাদক ও বাল্যবিবাহ রুখে দাঁড়ানোর প্রত্যয় নিয়ে এমন কর্মসূচির উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান, বই উপহার মাসের আহ্বায়ক ও চর্যাপদ একাডেমির মহাপরিচালক অ্যাডভোকেট রফিকুজ্জামান রণি।
তিনি আরও জানান, কর্মসূচিতে একাডেমির সদস্যরা সক্রিয়ভাবে অংশ নিয়ে দিক নির্দেশনা মেনে নানা প্রান্তে ছুটে গিয়ে বই উপহার দিয়েছেন। তাদের মধ্যে কর্মসূচির প্রচার-প্রচারণা, অধিক দিবস কর্মসূচি পালন ও সর্বোচ্চ সংখ্যক বই উপহার দিয়ে 'বই মাসের শ্রেষ্ঠ সারথি-২০২৬' চূড়ান্তভাবে মনোনীত হয়েছেন ৩ জন। সার্বিকভাবে সেরা হয়েছেন একাডেমির সহযোগী পরিচালক জয়ন্তী ভৌমিক, পয়েন্ট সমান থাকায় যৌথভাবে একাডেমির বিজ্ঞান ও আইসিটি পরিচালক রাসেল ইব্রাহীম ও নির্বাহী সদস্য কামরুন্নাহার বিউটিকেও শ্রেষ্ঠ সারথি ঘোষণা করা হয়। জয়ন্তী ভৌমিক এর আগে টানা চারবার এ পুরস্কার অর্জন করেন।
চর্যাপদ একাডেমির সভাপতি আয়েশা আক্তার রুপা জানান, প্রতিদিন দূরদূরান্তে ছুটে গিয়ে বই উপহার দিয়ে এসেছেন আমাদের সারথিরা। এতে প্রচুর কাঠখড় পোহাতে হয়েছে। এমন কঠিনতম কর্মসূচিতে যে যে সদস্য অধিক পরিমাণে শ্রম দিয়েছেন অর্থাৎ যাদের অবদান তুলনামূলকভাবে একটু বেশি, তাদের জন্যে প্রতি বছর 'বই মাসের শ্রেষ্ঠ সারথি' সংবর্ধনার আয়োজন করা হয়।
উল্লেখ্য, ২০১৯ সাল থেকে শিক্ষাপ্রতিষ্ঠান ভিত্তিক বই উপহার কর্মসূচি পালন করে আসছে চর্যাপদ সাহিত্য একাডেমি। ২০২১ সাল থেকে টানা ৬ষ্ঠ বারের মতো বই উপহার মাস পালন করছে এই প্রতিষ্ঠান। এর আগে একটি 'বই উপহার মেলা'ও করেছে। এ পর্যন্ত ১৪ হাজারের অধিক বই উপহার দিয়েছে চর্যাপদ একাডেমি। এ আয়োজনের সহযোগিতায় ছিলো ফোকাস মোহনা.কম ও প্যাপিরাস পাঠাগার।

বাগানবাড়ি ইউপির

কাছে দোয়া চেয়েছেন।
শুক্রবার (২৩ অক্টোবর) জুমার নামাজের আগে মসজিদে বয়ান দেন উপজেলা জামায়াতের সেক্রেটারি মেহেদী হাসান নাজির। বয়ান শেষে তিনি উপস্থিত মুসল্লিদের সঙ্গে চেয়ারম্যান পদপ্রার্থী মিজানুর রহমান মিরানের পরিচয় করিয়ে দেন এবং তাঁর প্রার্থিতার বিষয়টি তুলে ধরেন।
এ সময় মিজানুর রহমান মিরান বলেন, "আমি আপনাদের কাছে দোয়া চাই। আপনাদের খেদমত করতে চাই। নির্বাচিত হলে ইউনিয়ন পরিষদের গরিব মানুষের হকের একটি টাকাও নষ্ট হতে দেব না। পাশাপাশি পাড়া-প্রতিবেশীদের কোনো হক নষ্ট হবে না, ইনশাআল্লাহ।"
তিনি জনগণের পাশে থেকে এলাকার মানুষের সেবা করার প্রত্যয় ব্যক্ত করেন এবং সবার দোয়া ও সহযোগিতা কামনা করেন।

হাজীগঞ্জে বিপুল পরিমানে

নির্দেশনায় জব্দকৃত জাল পুড়িয়ে ধ্বংস এবং দাহ্যবস্তু বিস্ফোরক পরিদপ্তরের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দুটি গোডাউন সিলগালা করা হয়।
জানা গেছে, শুক্রবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই), ফায়ার সার্ভিস ও হাজীগঞ্জ থানা পুলিশের সহযোগিতায় হাজীগঞ্জ বাজারে দিনব্যাপী ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়।
অভিযানকালে হাজীগঞ্জ বাজারস্থ ট্রাংকরোড ও স্বর্ণকার পট্টিতে দুটি গোডাউনে তল্লাশি চালিয়ে ১৩ বস্তা ও ২ কার্টুন আতশবাজি, রকেট, কিটক্যাট, চরকি ও তারাবাতিসহ বিপদজনক দাহ্যবস্তু বস্তু জব্দ এবং দাহ্যবস্তু বিস্ফোরক পরিদপ্তরের মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট দুটি গোডাউন সিলগালা করা হয়।
এরপর হাজীগঞ্জ বাজারের কাপড়িয়া পট্টিসহ কয়েকটি দোকান ও গোডাউনে অভিযান চালিয়ে একটি খুচরা দোকান ও একটি গোডাউন থেকে নিষিদ্ধ ১০ হাজার মিটার কারেন্ট জাল এবং ২ বস্তা রিং জাল জব্দ করা হয়। পরে জব্দকৃত জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়।
বিষয়টি নিশ্চিত করে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. ওমর সানী আকন বলেন, জনস্বার্থে ভ্রাম্যমান আদালতের অভিযান অব্যাহত থাকবে।

নিশ্চিন্তপুর গোল্ডকাপ ফুটবল

মতলব উত্তর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মিয়া মনজুর আমিন স্বপন, চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু, দুর্গাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ জাকির লস্কর, সাংগঠনিক সম্পাদক নাছির মিয়াজী প্রমুখ। আরো উপস্থিত ছিলেন, টূর্ণামেন্ট কমিটির আহ্বায়ক এরফান হোসেন ভুট্টু, সদস্য সচিব মাহমুদুল হক চৌধুরী, ফ্রেন্ডস এসোসিয়েশনের সভাপতি নজরুল ইসলাম টিটু সহ আরো অনেকে।
প্রধান অতিথির বক্তব্যে আলমগীর সরকার বলেন, খেলাধুলা শুধু বিনোদনের মাধ্যম নয়, এটি শারীরিক ও মানসিক বিকাশের পাশাপাশি শৃঙ্খলা, ঐক্য, ভ্রাতৃত্ববোধ এবং নেতৃত্বের গুণাবলি গড়ে তোলে। আমি বিশেষভাবে তরুণ সমাজকে বলতে চাই, মাদক আমাদের ব্যক্তি, পরিবার ও সমাজের জন্য একটি ভয়াবহ সমস্যা। মাদক থেকে দূরে থাকতে হবে এবং খেলাধুলা ও ভালো কাজের সঙ্গে নিজেদের যুক্ত রাখতে হবে। মনে রাখবেন, তরুণরাই দেশের ভবিষ্যৎ। তাই একটি সুস্থ, সুন্দর ও মাদকমুক্ত সমাজ গঠনে আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন, আমি এই ফুটবল টুর্নামেন্টের আয়োজকদের ধন্যবাদ জানাই এবং অংশগ্রহণকারী সব দলের সফলতা কামনা করি। জয়-পরাজয় বড় কথা নয়, খেলোয়াড়সুলভ মনোভাবই হোক আমাদের মূল শক্তি।
খেলায় ২-০ গোলে রেপার শুভ স্পোর্টিং ক্লাবকে হারিয়ে মামুন বন্ধুমহল ফুটবল একাদশ বিজয়ী হয়।

হাজীগঞ্জে বিএনপির উদ্যোগে

পরিষ্কার-পরিচ্ছন্ন করার পাশাপাশি মশার বংশবিস্তার রোধে মশার ওষুধ দেওয়া হয়। অভিযানে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক এমরান হোসেন, ১০ নং ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি বকুল মিয়া, সাধারণ সম্পাদক রফিকুর ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক খোরশেদ আলম, সাংগঠনিক সম্পাদক ইয়াসিন হাওলাদার, সহ-সাংগঠনিক সম্পাদক আজাদ জমাদ্দার, দপ্তর সম্পাদক অ্যাডভোকেট বোরহান হৃদয়, মুক্তিযুদ্ধা বিষয়ক সম্পাদক আনা মিয়া, সদস্য বাবু, কানু মিয়া, ১০ নং ওয়ার্ড যুবদলের সভাপতি মেহেদী হাসান গাপ্পার, সাধারণ সম্পাদক জহির মিয়া, হাজীগঞ্জ পৌর শ্রমিকদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মারুফ হোসেন লাড়া, হাজীগঞ্জ পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আরজিল হোসেন দিনার, হাজীগঞ্জ পৌর ছাত্রদলের সহ-সভাপতি নয়ন মোল্লা, হাজীগঞ্জ ডিগ্রি কলেজ ছাত্রদলের সাবেক সদস্যসচিব ইমরান হোসেন সৈকত, ১১ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ইয়াসিন খন্দকার, ছাত্রনেতা রাকিব, ১০ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি শাহ-আলম, সাধারণ সম্পাদক মামুনসহ ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।
ডেঙ্গু প্রতিরোধে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা, জমে থাকা পানি অপসারণ এবং মশার বংশবিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ ধরনের অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

হাইমচরে মা ইলিশ রক্ষা

সংলগ্ন এলাকায় সকাল ১০টা থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত প্রথম অভিযান পরিচালনা করা হয়। উপজেলা টাস্কফোর্স কমিটির উদ্যোগে উপজেলা প্রশাসন, হাইমচর থানা পুলিশ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় ও কোস্টগার্ডের সমন্বয়ে এ অভিযান চালানো হয়।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নজরুল ইসলাম। তিনি রাতে এসব তথ্য নিশ্চিত করেন।
এ সময় নিষিদ্ধ সময়ে ইলিশ বিক্রির অভিযোগে দুজনকে আটক করা হয়। তাদের কাছ থেকে ১১৮ কেজি ৫০০ গ্রাম ইলিশ জব্দ করা হয়। জব্দ করা মাছ ১২টি এতিমখানায় বিতরণ করা হয়েছে। এ ঘটনায় নিয়মিত মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

এক টাকায় চার লাউ, অথচ ঢাকায়

সিন্ডিকেটকে সুবিধা দেওয়া হচ্ছে, অন্যদিকে রাজনৈতিক স্বার্থে 'কৃষক কার্ড'-এর গল্প শোনানো হচ্ছে।
শনিবার এক বিবৃতিতে কৃষকদের সংকট ও কৃষি খাতের নানা অনিয়ম তুলে ধরে তিনি এসব কথা বলেন।
পঞ্চগড়ের সাম্প্রতিক বাজার পরিস্থিতির উদাহরণ টেনে ডাকসু ভিপি বলেন, 'পঞ্চগড়ে এক টাকায় চারটি লাউ বিক্রি করতে বাধ্য হচ্ছেন কৃষকেরা। অথচ সেই একই লাউ ঢাকার খুচরা বাজারে প্রতিটি বিক্রি হচ্ছে ৪০ টাকারও বেশি দামে।' তিনি প্রশ্ন তোলেন, এই বিপুল লাভের টাকা কার পকেটে যাচ্ছে? তার দাবি, পুরো লাভের অংশ লুটে নিচ্ছে বাজার সিন্ডিকেট, যাদের পরিচয় ও রাজনৈতিক ক্ষমতার উৎস সবারই জানা। এই বৈষম্যমূলক পরিস্থিতিকে তিনি ক্ষমতাসীনদের 'কার্ডের রাজনীতি' বলে আখ্যা দেন।
কৃষি উৎপাদনে বড় সংকটের কথা উল্লেখ করে সাদিক কায়েম আরও অভিযোগ করেন, সারের ডিলারশিপ নিয়ে দেশজুড়ে নজিরবিহীন দুর্নীতি ও অনিয়ম হয়েছে। নিয়ম-নীতি ও যোগ্যতার তোয়াক্কা না করে ক্ষমতাসীন দলের এমপি ও প্রভাবশালীরা ১৫ থেকে ২০ লাখ টাকায় দলীয় নেতাকর্মী ও স্বজনদের কাছে ডিলারশিপ বিক্রি করেছেন।
তিনি বলেন, দুর্নীতির কারণে প্রান্তিক পর্যায়ের কৃষকেরা সময়মতো সার পাচ্ছেন না, ফলে উৎপাদন খরচ অস্বাভাবিকভাবে বাড়ছে। আর এর চূড়ান্ত প্রভাব পড়ছে সাধারণ ভোক্তাদের ওপর, যাদের চড়া দামে নিত্যপণ্য কিনতে হচ্ছে।
কৃষক ও সাধারণ মানুষের স্বার্থরক্ষার আহ্বান জানিয়ে ডাকসু ভিপি বলেন, 'সিন্ডিকেট ও ডিলারশিপ বাণিজ্যের মাধ্যমে গড়ে ওঠা এই মাফিয়া চক্রের হাত থেকে দেশকে বাঁচাতে হবে, কৃষকদের বাঁচাতে হবে এবং সাধারণ জনগণকে রক্ষা করতে হবে।'

কচুয়ায় সরকারি জায়গায় বাড়িঘর

যায় আবেদনকারীর মালিকানা ২৬৫১ দাগের বিপরীত পাশে সরকারি ০১নং খাস খতিয়ানের ২৭৫৯ ও ২৬৩৫ দাগের মধ্যে প্রায় ০.০৬ একর জমিতে আপনি/আপনারা অবৈধভাবে ০২টি চার চাল টিনের বসত ঘর ও ০২টি দুচালা টিনের পাকের ঘর নিয়ে ভোগদখলে রয়েছেন। যাতে সরকারি স্বাথ ক্ষুন্ন হয়েছে।
নোটিশ আরো উল্লেখ করেন,সরকারি স্বার্থ রক্ষায় আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে অবৈধ স্থাপনা দখলকারীরা তাদের নিজ দায়িত্বে সরিয়ে নেয়ার জন্য বলা হয়েছে। অন্যথায় অবৈধ দখলদারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
ভুক্তভোগী হেলাল উদ্দিন জানান, ১২৮ কাদলা মৌজার ২৬৪৬-৪৭ দাগের আমার নিজস্ব জায়গায় ও আমার চাচার জায়গায়র উপর ১৫-১৬ ফুট প্রশস্থ চলাচলের রাস্তা নির্মাণ করা হয়। রাস্তার উত্তর পাশে প্রবমান খাল ও রাস্তা আমার জায়গা উপর দিয়ে চলে যায়। চলাচলের রাস্তা ও খালের সরকারি জায়গাটি প্রভাব বিস্তার করে কাদলা গ্রামের মৃত সিদ্দিকুর রহমানের ছেলে হাফিজ উদ্দিন ও মানিক উদ্দিন সরকারি খাস জায়গা দখল করে স্থায়ীভাবে বসতবাড়ি নির্মাণ করেন। এত করে সরকারি জায়গা দিয়ে খাল ও রাস্তা না গিয়ে আমার মালিকানা জায়গার উপর রাস্তা খাল চলে যায়। উপজেলা প্রশাসনের কাছে আমরা ন্যায়বিচার দাবি করছি।

সন্ধ্যার পরেই জেলেদের

ষাটনল এলাকার বাবুবাজারে ফজরের নামাজের পর থেকে ৭টা পর্যন্ত মৎস্য আড়তে বিক্রি হয় মা ইলিশ'সহ বিভিন্ন নদীর মাছ। এ সময় প্রশাসনের কোন ঝামেলা থাকেনা।
আমিরাবাদ এলাকার রুমান, সোহাগ, আলাউদ্দিন জানান, দুপুর ১২টা থেকে আমিরাবাদ বাজারের নদীর পারে প্রকাশ্যে বিক্রি হচ্ছে মা ইলিশ। কয়েকশ পাইকাররা এখান থেকে মা ইলিশ কিনে নিয়ে, অন্য জায়গায় বিক্রি করে। এ সময় এ বাজারে কয়েক লক্ষ টাকার মাছ বিক্রি হয়।
এ ছাড়াও উপজেলার এখলাসপুর, মোহনপুর, দশআনী, মুক্তির পল্লী, জনতার বাজার এলাকায় প্রকাশ্যে বিক্রি হচ্ছে ইলিশ।
মতলব উত্তরের জেলে জসিম উদ্দিন, খোরশেদ বেপারী, আয়নাল মিয়া, নুরুল হকসহ একাধিক জেলেরা জানান, আমরা মৎস অফিস ও মোহনপুর নৌ-পুলিশ'কে ম্যানেজ করে প্রতি নৌকায় ২০হাজার টাকা দিয়ে টোকেন নিয়েছি, টোকেন ছাড়া নদীতে মাছ ধরতে নামলে আমাদের জেল জরিমানা করে।
আমিরাবাদ মৎস আড়ৎ ব্যবসায়ী সমিতির সভাপতি আবুল হোসেন বলেন, মাছ না ধরলে মানুষ না খেয়ে মরবে। জেলেরা আছে খুবই অভাব অনটনে। জাল দিয়ে মাছ ধরে চলে তাদের সংসার। তাই আমরা সবকিছু ম্যানেজ করেই বাজার চালিয়ে যাচ্ছি।
রাতে মেঘনা নদী জেলেদের দখলে আপনারা কি রাতে নদীতে অভিযান করেন এমন প্রশ্নের জবাবে মোহনপুর নৌপুলিশ ফাঁড়ির ইনচার্জ রুহুল আমিন জানান, আমার ফোর্স কম তাই রাতে অভিযান পরিচালনা করতে কিছুটা কষ্ট হচ্ছে। তারপরও আমরা নিয়মিত অভিযান পরিচালনা করছি।
উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সজিব চন্দ্র দে জানান, আমাদের অফিসে জনবল কম তার পরেও আমরা নদীতে নিয়মিত অভিযান পরিচালনা করছি। ইচ্ছে করলে আপনারা (সাংবাদিক) আমাদের সাথে অভিযানে অংশ নিতে পারেন।

আসামে মুসলিম উচ্ছেদে

শফিকুর রহমান উল্লেখ করেন, গত রোববার (১৮ অক্টোবর) আসামের নগাঁও জেলার লুতুমারি-লংজাপ সংরক্ষিত বনাঞ্চলে ৬০০টিরও বেশি মুসলিম পরিবারের ঘরবাড়ি রাজ্য সরকার গুঁড়িয়ে দিয়েছে। এর আগের দিন শনিবার রাজ্যের তিনটি জেলায় আরও ৫৪৭টি পরিবারকে উচ্ছেদ করা হয়। অর্থাৎ, মাত্র দুই দিনে ১,১০০টিরও বেশি পরিবার গৃহহীন হয়ে পড়েছে।
স্থানী বাসিন্দাদের বরাতে বিরোধীদলীয় নেতা আরো জানান, এই অভিযানে অন্তত ১০টিরও বেশি মসজিদ ভেঙে ফেলা হয়েছে, যার মধ্যে কয়েকটির বয়স ৫০ বছরেরও বেশি। এছাড়া গুজরাটের আহমেদাবাদে ৪০০ বছরের পুরনো মাঞ্ঝা মসজিদ এবং গির সোমনাথ জেলায় প্রাচীন মসজিদ ও কবরস্থান ভেঙে ফেলার সাম্প্রতিক ঘটনাবলির প্রসঙ্গও বিবৃতিতে তুলে ধরেন তিনি।
জামায়াতের আমীর বলেন, 'এসব ঘটনায় আমরা গভীরভাবে উদ্বিগ্ন। ভারত সরকার সংখ্যালঘু মুসলমানদের অধিকার রক্ষায় শুধু ব্যর্থই হচ্ছে না, বরং বিভিন্ন ক্ষেত্রে তাদের অধিকার ক্ষুণ্ন করছে। এ ধরনের ঘটনা মানবতা, আইনের শাসন ও সভ্য সমাজের মূল্যবোধের পরিপন্থী। যে দেশেই, যে পক্ষের দ্বারাই এ ধরনের কর্মকাণ্ড সংঘটিত হোক না কেন, তা অবশ্যই নিন্দনীয়।'
বাংলাদেশের সার্বিক পরিস্থিতির প্রেক্ষাপটে দেশবাসীকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে ডা. শফিকুর রহমান বলেন, 'বাংলাদেশের আপামর জনগণের প্রতি আমাদের আহ্বান–কোনো উসকানিতে দেশের অভ্যন্তরে ধর্মীয় বিভাজন ও সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির সুযোগ দেওয়া যাবে না। কারও পাতা ফাঁদে পা দেওয়া যাবে না।'
তিনি আরো যোগ করেন, 'আমাদের প্রিয় বাংলাদেশে বিদ্যমান সামাজিক সম্প্রীতি যেকোনো মূল্যে অক্ষুণ্ন রাখতে হবে। মহান আল্লাহ আমাদের সবাইকে সেই তাওফিক দান করুন।'

মতলব উত্তরে মারকাযুল

রবিউল ইসলাম, ১৩ নম্বর ইসলামাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী সজীব পাটোয়ারী, শাহিন কাদির এবং অভিভাবক সোহেল রানা, শরিফুল ইসলাম, মাহমুদা আক্তার, সুমি বেগম ও সিমা বেগম।
বক্তব্যে মাদ্রাসার পরিচালক হাফেজ মাওলানা নাজমুল হাসান বলেন, শিক্ষার্থীদের মানসম্মত দ্বীনি শিক্ষাদান ও আধুনিক শিক্ষাব্যবস্থার সমন্বয়ে মাদ্রাসাটিকে এগিয়ে নেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। চলতি বছর উপজেলা পর্যায়ে মাদ্রাসার শিক্ষার্থীরা প্রথম ও দ্বিতীয় স্থান অর্জন করেছে বলেও তিনি উল্লেখ করেন।
তিনি মাদ্রাসার সার্বিক উন্নয়ন, শিক্ষার পরিবেশ আরও সমৃদ্ধ করা এবং শিক্ষার্থীদের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা কামনা করেন।
অনুষ্ঠানে মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

শাহমাহমুদপুরে মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল

মাদক একটি পরিবার, সমাজ ও দেশের জন্য ভয়াবহ সমস্যা

-------এস এম বাকের খন্দকার

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে মাদকবিরোধী মিনি ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনাল। শুক্রবার (২৩ অক্টোবর) রাত ৮টায় ইউনিয়নের শাহমাহমুদ বাগদাদী (রাহঃ) এর মাজার সংলগ্ন মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।
শাহমাহমুদপুর এক্সপ্রেস এর উদ্যোগে আয়োজিত এ টুর্নামেন্টের মূল লক্ষ্য ছিল তরুণ সমাজকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলা। সম্মিলিত স্বপ্ন সংগঠনের সহযোগিতায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সদর উপজেলা বিএনপির সহ সভাপতি ও আসন্ন শাহমাহমুদপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী এস এম বাকের খন্দকার।
প্রধান অতিথি বলেন, মাদক একটি পরিবার, সমাজ ও দেশের জন্য ভয়াবহ সমস্যা। বিশেষ করে তরুণ সমাজকে মাদকের ভয়াল ছোবল থেকে রক্ষা করতে হলে খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে তাদের সম্পৃক্ত করতে হবে। আমি মনে করি, মাদকমুক্ত সমাজ গঠনে এ ধরনের মাদকবিরোধী মিনি ফুটবল টুর্নামেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
সম্মিলিত স্বপ্ন সংগঠনের সভাপতি মো. খন্দকার শাহাদাতের সভাপতিত্বে

শাহমাহমুদপুরে মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনালের পুরষ্কার বিতরণ।

এবং হাবিব সর্দারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক খন্দকার এনামুল হক বাদল, ইউনিয়ন বিএনপির সহ সভাপতি মোশারফ কারী, নজরুল ইসলাম বাবলু।
এসময় উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক খন্দকার রবিউল হক তিতু, ইউনিয়ন বিএনপির ধর্ম বিষয়ক সম্পাদক বিল্লাল মল্লিক, ইউনিয়ন যুবদলের সাবেক সহ সভাপতি জহিরুল ইসলাম বেপারী, বিএনপি নেতা এনামুল গাজী, সমাজসেবক রুবেল গাজী এবং সম্মিলিত স্বপ্ন সংগঠনের সাধারণ সম্পাদক ইসমাইল গাজী সুমন, সংগঠনের সদস্য জাফর মিজি ও রুবেল বেপারী, মমিন মিজি, সুমন খান সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। রিস্তু খন্দকার ও সানি হাজীর সার্বিক সহযোগিতায় উক্ত ফাইনাল খেলায় ভড়ঙ্গারচর জুনিয়র স্পোর্টিং ক্লাব ও ভড়ঙ্গারচর সিনিয়র স্পোর্টিং ক্লাব অংশ নেয়। ট্রাইবেকারে গিয়ে ভড়ঙ্গারচর জুনিয়র স্পোর্টিং ক্লাব জয় লাভ করেন। আয়োজকেরা মনে করেন, মাদকবিরোধী সচেতনতা তৈরির পাশাপাশি এ ধরনের ক্রীড়া আয়োজন তরুণদের সুস্থ বিনোদন, পারস্পরিক সম্প্রীতি ও সামাজিক বন্ধন জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নতুন শিক্ষাবর্ষে ভর্তি চলছে!
দিশারী ক্যাডেট স্কুল অ্যান্ড মাদ্রাসা, কচুয়া
আধুনিক শিক্ষা
ইসলামী মূল্যবোধ
নৈতিক শিক্ষা
আবাসিক | অনাবাসিক
ডে কেয়ার | ফুল কেয়ার
বাংলা মিডিয়াম
ইংলিশ মিডিয়াম
মাদ্রাসা শিক্ষা
অভিজ্ঞ শিক্ষক
হাতের লেখা
মেধা বিকাশ
কচুয়া বিশ্বরোড
ফায়ার সার্ভিস চৌরাস্তা মোড়
০১৮১৮-৫৭১১৭৫
Dishari
Cadet School & Madrasah
"আধুনিক শিক্ষা, নৈতিকতা ও আদর্শের সমন্বয়ে গড়ি আগামীর প্রজন্ম।"

চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত
সেবা
ব্যথা মুক্ত সুস্থ জীবন....
ফিজিওথেরাপি সেন্টার
(বাত-ব্যথা ও প্যারালাইসিস্ চিকিৎসা কেন্দ্র)
সেবা সমূহ
ইলেক্ট্রোথেরাপি
ম্যানুপুলেশন থেরাপি
আকুপাংচার
অর্থোসিস্ ও প্রস্থোসিস্
হিজামা চিকিৎসা
ফিজিও জিম
রোগীর থাকার ব্যবস্থা আছে
চাঁদপুর: স্টেডিয়াম রোড, বক্ষব্যাধি হাসপাতালের বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হসপিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার (আল-কাউছার স্কুল সংলগ্ন) হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডা: দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।
সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান